

বিদ্যমান The Pharmacy Ordinance, 1976 (ফার্মেসী অধ্যাদেশ, ১৯৭৬) এর সাথে প্রস্তাবিত ফার্মেসী আইন, ২০২৩ এর তুলনামূলক বিবরণী:

The Pharmacy Ordinance, 1976	বাংলায় ফার্মাসি অধ্যাদেশ, ১৯৭৬	খসড়া “ফার্মেসী আইন, ২০২৩”	মন্তব্য
<p>THE PHARMACY ORDINANCE, 1976 (ORDINANCE NO. XIII OF 1976) [4th March, 1976]</p> <p>An Ordinance to establish a Pharmacy Council to regulate the practice of pharmacy.</p> <p>WHEREAS it is expedient to establish a Pharmacy Council to regulate the practice of pharmacy and to provide for matters connected therewith and incidental thereto;</p> <p>NOW, THEREFORE, in pursuance of the Proclamations of the 20th August, 1975, and 8th November, 1975, and in exercise of all powers enabling him in that behalf, the President is pleased to make and promulgate the following Ordinance:—</p>	<p>ফার্মেসি অধ্যাদেশ, ১৯৭৬ (The Pharmacy Ordinance, 1976)</p> <p>ফার্মেসি পেশা নিয়ন্ত্রণ করিবার লক্ষ্যে ফার্মেসি কাউন্সিল প্রতিষ্ঠার অধ্যাদেশ।</p> <p>যেহেতু, ফার্মেসি পেশা নিয়ন্ত্রণ করিবার জন্য একটি ফার্মেসি কাউন্সিল প্রতিষ্ঠা করা এবং উহার বিষয়াদি ও আনুষঙ্গিক বিষয়ে ব্যাখ্যা দেওয়া প্রয়োজন;</p> <p>এমতাবস্থায়, ২০ আগস্ট ১৯৭৫ এবং ০৮ নভেম্বর ১৯৭৫ এর ঘোষণাপত্র অনুসারে এবং তৎকর্তৃক সকল ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশটি জারি করেন:—</p>	<p>খসড়া “ফার্মেসী আইন, ২০২৩” বিল নং ২০২৩</p> <p>যেহেতু, ফার্মেসি শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষা কার্যক্রম বা পাঠ্যক্রমের স্বীকৃতি, ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট এবং ফার্মেসি টেকনিশিয়ানদের নিবন্ধন এবং উহাদের যোগ্যতা ও সেবার মান নির্ধারণ ও নিশ্চিতকরণের উদ্দেশ্যে ফার্মেসি শিক্ষা ও পেশার নিয়ন্ত্রণের লক্ষ্যে ফার্মেসি কাউন্সিল পুনর্গঠন এবং এতদসংশ্লিষ্ট বিধান প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজন;</p> <p>The Pharmacy Ordinance, 1976 রহিতক্রমে উহার বিধানাবলি বিবেচনাক্রমে সময়ের চাহিদার প্রতিফলনে নূতন আইন প্রণয়নকল্পে আনীত বিল</p> <p>যেহেতু সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন) দ্বারা ১৯৭৫ সনের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সনের ০৯ এপ্রিল তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত অধ্যাদেশসমূহের অনুমোদন ও সমর্থন (ratification and confirmation) সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চতুর্থ তফসিলের ৩ক ও ১৮ অনুচ্ছেদ বিলুপ্ত হইয়াছে এবং সিভিল আপীল নং ১০৪৪-১০৪৫/২০০৯ এ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারী সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ১৯৭৯ (১৯৭৯ সনের ১ নং আইন) বাতিল ঘোষিত হওয়ায় উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পাইয়াছে; এবং</p> <p>যেহেতু ২০১৩ সনের ৬ নং আইন দ্বারা উক্ত অধ্যাদেশসমূহের মধ্যে কতিপয় অধ্যাদেশ কার্যকর রাখা হইয়াছে; এবং</p> <p>যেহেতু উক্ত অধ্যাদেশসমূহের আবশ্যিকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করিয়া আবশ্যিক বিবেচিত অধ্যাদেশসমূহ সকল স্টেক-হোল্ডার ও সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও বিভাগের মতামত গ্রহণ করিয়া প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জনক্রমে সময়ের চাহিদার প্রতিফলনে বাংলায় নূতন আইন প্রণয়ন করিবার জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে; এবং</p> <p>যেহেতু সরকারের উপরি-বর্ণিত সিদ্ধান্তের আলোকে, The Pharmacy Ordinance, 1976 (Ordinance No. XIII of 1976) রহিতক্রমে উহার বিধানাবলি বিবেচনাক্রমে সময়ের চাহিদার প্রতিফলনে নূতন আইন প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজন;</p> <p>যেহেতু, ফার্মেসি শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষা কার্যক্রম বা পাঠ্যক্রমের স্বীকৃতি, ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট এবং ফার্মেসি টেকনিশিয়ানদের নিবন্ধন এবং উহাদের যোগ্যতা ও সেবার মান নির্ধারণ ও নিশ্চিতকরণের উদ্দেশ্যে ফার্মেসি শিক্ষা ও পেশার নিয়ন্ত্রণের লক্ষ্যে ফার্মেসি কাউন্সিল পুনর্গঠন এবং এতদসংশ্লিষ্ট বিধান প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজন;</p> <p>সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—</p>	

The Pharmacy Ordinance, 1976	বাংলায় ফার্মাসি অধ্যাদেশ, ১৯৭৬	খসড়া “ফার্মেসী আইন, ২০২৩”	মন্তব্য
<p>Short title.— This Ordinance may be called the Pharmacy Ordinance, 1976.</p>	<p>১। সংক্ষিপ্ত শিরোনাম।— এই অধ্যাদেশকে ফার্মেসি অধ্যাদেশ, ১৯৭৬ হিসাবে অভিহিত করা যাইতে পারে।</p>	<p>১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।— (১) এই আইন ‘ফার্মেসি আইন, ২০২৩’ নামে অভিহিত হইবে। (২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।</p>	
<p>2. Definition.— In this Ordinance, unless there is anything repugnant in the subject or context,- “approved” means approved under section 18 or, as the case may be, section 19; “Council” means the Pharmacy Council of Bangladesh established under section 3; “medical institution” means an institution whose medical qualifications are recognised under the Medical Council Act, 1973 (XXX of 1973); “pharmacist” means a person who, for a fee, salary or other consideration paid to him or to another person on his behalf, manufactures, prepares, distributes, sells, or serves any prescription for, any medicine, drug or pharmaceutical preparation.</p>	<p>২। সংজ্ঞা।— বিষয় বা প্রসঙ্গে অসামঞ্জস্যপূর্ণ না হইলে এই অধ্যাদেশে- (ক) ‘অনুমোদিত’ বলিতে ১৮ অথবা ১৯ নং ধারার অধীন অনুমোদিত বুঝাইবে; (খ) ‘কাউন্সিল’ বলিতে ৩ নং ধারার অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ ফার্মেসি কাউন্সিলকে বুঝাইবে; (গ) ‘চিকিৎসা প্রতিষ্ঠান’ বলিতে এমন কোনো প্রতিষ্ঠানকে বুঝাইবে যাহার যোগ্যতা মেডিক্যাল কাউন্সিল এ্যাক্ট, ১৯৭৩ (১৯৭৩ খ্রিষ্টাব্দের ৩০ নং আইন)-এর অধীন স্বীকৃত। (ঘ) ‘ফার্মাসিস্ট’ বলিতে এমন ব্যক্তিকে বুঝাইবে যিনি বা তাহার পক্ষে অন্য কোনো ব্যক্তি প্রদত্ত কোনো ফি, বেতন বা অন্যান্য বিবেচনার বিনিময়ে কোনো ওষুধ, ড্রাগ বা ফার্মাসিউটিক্যাল সামগ্রী উৎপাদন, প্রস্তুত, বিতরণ, বিক্রয় ও পরিবেশনের কাজ করেন।</p>	<p>২। সংজ্ঞা।— বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই আইনে— (১) “কাউন্সিল” অর্থ ধারা ৪ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ ফার্মেসি কাউন্সিল; (২) “চেয়ারম্যান” অর্থ কাউন্সিলের চেয়ারম্যান; (৩) “ভাইস চেয়ারম্যান” অর্থ কাউন্সিলের ভাইস চেয়ারম্যান; (৪) “সদস্য” অর্থ কাউন্সিলের কোন সদস্য; (৫) “প্রধান নিয়ন্ত্রক” অর্থ কাউন্সিলের প্রধান নিয়ন্ত্রক; (৬) “আইন” অর্থ ফার্মেসি আইন, ২০২৩; (৭) “বাজেট” অর্থ ফার্মেসি কাউন্সিলের বাজেট; (৮) “বিধি” অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি; (৯) “প্রবিধান” অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান; (১০) “ফার্মেসি শিক্ষা” অর্থ একক বা সামগ্রিকভাবে ফার্মেসি বিষয়ে স্নাতকোত্তর, স্নাতক, ডিপ্লোমা এবং সার্টিফিকেট কোর্স; (১১) “নিবন্ধন পরীক্ষা” অর্থ এই আইনের অধীন কাউন্সিল কর্তৃক গৃহীত নিবন্ধন পরীক্ষা; (১২) “পরিদর্শক” অর্থ এই আইনের অধীনে পরিদর্শন কাজে নিয়োজিত কাউন্সিলের কর্মকর্তা; (১৩) “ফার্মাসিস্ট” অর্থ বাংলাদেশ ফার্মেসি কাউন্সিল কর্তৃক অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয় হইতে অনূ্যন বি. ফার্ম ডিগ্রি অর্জনকারী এবং বাংলাদেশ ফার্মেসি কাউন্সিল কর্তৃক “এ” ক্যাটাগরিতে নিবন্ধিত কোন ব্যক্তি; (১৪) “ডিপ্লোমা ফার্মাসিস্ট” অর্থ জীববিদ্যা বিষয়সহ বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণসহ বাংলাদেশ ফার্মেসি কাউন্সিল কর্তৃক অনুমোদিত কোন ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি হইতে অনূ্যন ০৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা-ইন-ফার্মেসি কোর্সে উত্তীর্ণ এবং বাংলাদেশ ফার্মেসি কাউন্সিল কর্তৃক “বি” ক্যাটাগরিতে নিবন্ধিত কোন ব্যক্তি; (১৫) “ফার্মেসি টেকনিশিয়ান” অর্থ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/ সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ বাংলাদেশ ফার্মেসি কাউন্সিলের অধীনে ফার্মেসি সার্টিফিকেট রেজিস্ট্রেশন কোর্স পরীক্ষায় উত্তীর্ণ এবং বাংলাদেশ ফার্মেসি কাউন্সিল কর্তৃক “সি” ক্যাটাগরিতে নিবন্ধিত কোন ব্যক্তি; (১৬) “নির্ধারিত” অর্থ বিধি বা, ক্ষেত্রমত, প্রবিধান দ্বারা নির্ধারিত; (১৭) “রেজিস্টার” অর্থ কাউন্সিল কর্তৃক সংরক্ষিত ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট এবং ফার্মেসি টেকনিশিয়ানদের রেজিস্টার এবং (১৮) “এক্টিভেশন নীতিমালা” অর্থ কাউন্সিল কর্তৃক অনুমোদিত এক্টিভেশন নীতিমালা।</p>	<p>প্রস্তাবিত আইনের ধারা ২ এ কিছু সংজ্ঞা নতুনভাবে অন্তর্ভুক্ত করা হইয়াছে।</p>
<p>The Pharmacy Ordinance, 1976-এ এইরূপ কোন ধারা উল্লেখ নাই।</p>	<p>ফার্মাসি অধ্যাদেশ, ১৯৭৬-এ এইরূপ কোন ধারা উল্লেখ নাই।</p>	<p>৩। আইনের প্রাধান্য।— আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের বিধানাবলী প্রাধান্য পাইবে।</p>	<p>প্রস্তাবিত আইনের ধারা-৩ নতুনভাবে</p>

The Pharmacy Ordinance, 1976	বাংলায় ফার্মাসি অধ্যাদেশ, ১৯৭৬	খসড়া “ফার্মেসী আইন, ২০২৩”	মন্তব্য
			সংযোজন করা হইয়াছে।
<p>3. Establishment of the Council.—</p> <p>(1) As soon as may be after the coming into force of this Ordinance, the Government shall, by notification in the <i>official Gazette</i>, establish a Council to be known as the Pharmacy Council of Bangladesh.</p> <p>(2) The Council shall be a body corporate having perpetual succession and common seal, with power, among others, to acquire, hold and dispose of property, and shall by its name sue and be sued.</p>	<p>৩। কাউন্সিল প্রতিষ্ঠা।—</p> <p>(১) এই অধ্যাদেশ কার্যকর হইবার পর যত দ্রুত সম্ভব, দাপ্তরিক গেজেটে বিজ্ঞপ্তির মাধ্যমে, সরকার এই অধ্যাদেশের উদ্দেশ্য সাধনের জন্য ‘বাংলাদেশ ফার্মেসি কাউন্সিল’ নামে একটি কাউন্সিল গঠন করিবে।</p> <p>(২) উক্ত কাউন্সিল একটি স্বায়ত্ত্বশাসিত সংস্থা হইবে, যাহার স্থায়ী উত্তরাধিকার ও একটি সাধারণ সিলমোহর থাকিবে এবং অন্যদের মধ্যে সম্পত্তি অর্জন, ধারণ ও নিষ্পত্তি করিবার ক্ষমতা থাকিবে এবং কথিত নাম দ্বারা মামলা করিতে পারিবে ও ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।</p>	<p>৪। কাউন্সিল প্রতিষ্ঠা।—</p> <p>কাউন্সিল একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সিলমোহর থাকিবে এবং এই আইনের বিধানাবলি সাপেক্ষে, ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার ও হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং ইহা স্থায়ী নামে মামলা করিতে পারিবে এবং উক্ত নামে ইহার বিরুদ্ধেও মামলা করা যাইবে।</p>	
<p>4. Composition of the Council.—</p> <p>(1) The Council shall subject to the provisions of sub-section (2), consist of the following members, namely:—</p> <p>(a) Secretary, Ministry of Health, Population Control and Family Planning, <i>ex-officio</i>, who shall, unless the Government appoints any other officer to be the President, also be the President of the Council;</p> <p>(b) the officer, if any, appointed under clause (a) to be the President of the Council;</p> <p>(c) Directors of Health Services, <i>ex-officio</i>;</p> <p>(d) Head of the Department of Drug Administration, <i>ex-officio</i>;</p>	<p>৪। কাউন্সিল গঠন ইত্যাদি।—</p> <p>(১) ২ নং উপ-অনুচ্ছেদের প্রবিধান-সাপেক্ষে কাউন্সিল নিম্নলিখিত সদস্যবৃন্দের সমন্বয়ে গঠিত হইবে-</p> <p>(ক) সচিব, স্বাস্থ্য, জনসংখ্যা নিয়ন্ত্রণ ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, পদাধিকারবলে, যদি না সরকার অন্য কোনো কর্মকর্তাকে নিয়োগ করেন, তিনি হইবেন এই কাউন্সিলের সভাপতি;</p> <p>(খ) যে-কোনো কর্মকর্তা, যদি, উক্ত ‘ক’ অনুচ্ছেদের অধীন নিয়োগপ্রাপ্ত হন তাহা হইলে তিনিই হইবেন এই কাউন্সিলের সভাপতি;</p> <p>(গ) স্বাস্থ্য সেবা বিভাগের পরিচালক, পদাধিকারবলে;</p> <p>(ঘ) ঔষধ প্রশাসন বিভাগের প্রধান, পদাধিকারবলে;</p> <p>(ঙ) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগের প্রধান, পদাধিকারবলে;</p>	<p>৫। কাউন্সিল গঠন ইত্যাদি।—</p> <p>(১) নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে কাউন্সিল গঠিত হইবে, যথাঃ-</p> <p>(ক) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় পদাধিকার বলে এই কাউন্সিলের চেয়ারম্যান হইবেন;</p> <p>(খ) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, পদাধিকার বলে সদস্য;</p> <p>(গ) মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, পদাধিকার বলে সদস্য;</p> <p>(ঘ) চেয়ারম্যান, ফার্মেসি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, পদাধিকার বলে সদস্য;</p> <p>(ঙ) সরকার কর্তৃক মনোনীত ০৪ (চার) জন “এ” ক্যাটাগরিতে নিবন্ধনকৃত প্রথিতযশা ফার্মাসিস্ট;</p> <p>(চ) বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি কর্তৃক মনোনীত ০১ (এক) জন “এ” ক্যাটাগরিতে নিবন্ধনকৃত প্রথিতযশা ফার্মাসিস্ট;</p> <p>(ছ) বাংলাদেশ কেমিস্ট এন্ড ড্রাগিস্ট সমিতি কর্তৃক মনোনীত ০১ (এক) জন “এ” ক্যাটাগরিতে নিবন্ধনকৃত প্রথিতযশা ফার্মাসিস্ট;</p> <p>(জ) দি সোসাইটিজ রেজিস্ট্রেশন এ্যাক্ট, ১৮৬০ - এর অধীন নিবন্ধিত বাংলাদেশ ফার্মাসিউটিক্যাল সোসাইটি কর্তৃক মনোনীত ০৩ (তিন) জন “এ” ক্যাটাগরিতে নিবন্ধনকৃত প্রথিতযশা ফার্মাসিস্ট;</p> <p>(ঝ) প্রধান নিয়ন্ত্রক, বাংলাদেশ ফার্মেসি কাউন্সিল, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।</p> <p>(২) সরকার প্রয়োজন মনে করিলে গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে ধারা ৫ উপ-ধারা (১) অনুচ্ছেদ (ঙ) অনুযায়ী সদস্য সংখ্যা হ্রাস-বৃদ্ধি করিতে পারিবেন।</p>	

The Pharmacy Ordinance, 1976	বাংলায় ফার্মাসি অধ্যাদেশ, ১৯৭৬	খসড়া “ফার্মেসী আইন, ২০২৩”	মন্তব্য
<p>(e) Head of the Department of Pharmacy in the University of Dhaka, <i>ex-officio</i>;</p> <p>(f) four persons to be so nominated by the Government that one of them is a Professor of Medicine and one is a Professor of Pharmacology of medical institutions in Bangladesh ¹[and one is a qualified pharmacist];</p> <p>(g) one qualified pharmacist to be nominated by the Bangladesh Aushad Shilpa Samity;</p> <p>(h) one person to be nominated by the Bangladesh Medical Association;</p> <p>(i) one qualified pharmacist to be nominated by the Bangladesh Chemists and Druggists Samity;</p> <p>(j) three persons to be nominated by the Pharmaceutical Society of Bangladesh registered under the Societies Registration Act, 1860 (XXI of 1860).</p> <p>(2) The Government may, by notification in the <i>official Gazette</i>, increase or decrease the number of persons to be nominated by it under ²[clause (f)] of sub-section (1):</p>	<p>(চ) সরকার কর্তৃক মনোনীত ৪ (চার) জন ব্যক্তি, যাহাদের মধ্য হইতে ১ (এক) জন হইবেন বাংলাদেশের কোনো মেডিক্যাল শিক্ষা প্রতিষ্ঠানের মেডিসিনের অধ্যাপক এবং আরেকজন হইবেন বাংলাদেশের কোনো মেডিক্যাল শিক্ষা প্রতিষ্ঠানের ফার্মাকোলজির অধ্যাপক (ও একজন যোগ্য ফার্মাসিস্ট);</p> <p>(ছ) বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি কর্তৃক মনোনীত ১ (এক) জন যোগ্য ফার্মাসিস্ট;</p> <p>(জ) বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন কর্তৃক ১ (এক) জন মনোনীত সদস্য;</p> <p>(ঝ) বাংলাদেশ কেমিস্ট্‌স্‌ এন্ড ড্রাগিস্ট্‌স্‌ সমিতি কর্তৃক মনোনীত ১ (এক) জন যোগ্য ফার্মাসিস্ট;</p> <p>(ঞ) সমিতি নিবন্ধন আইন, ১৮৬০ (১৮৬০ খ্রিষ্টাব্দের ২১ নং আইন)-এর অধীন নিবন্ধিত ফার্মাসিউটিক্যাল সোসাইটি অব বাংলাদেশ কর্তৃক মনোনীত ৩ (তিন) জন ব্যক্তি;</p> <p>(২) সরকার দাপ্তরিক গেজেটে বিজ্ঞপ্তির মাধ্যমে উপধারা (১) অনুচ্ছেদ (চ) অনুযায়ী সদস্য সংখ্যা হ্রাস-বৃদ্ধি করিতে পারিবে:</p> <p>তবে শর্ত থাকে যে, সদস্যসংখ্যার হ্রাস কোনো সদস্যের মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত তাহার পদে বহাল থাকা ও কার্যসম্পাদনকে প্রভাবিত করিবে না।</p>	<p>“তবে শর্ত থাকে যে, এইরূপ সদস্য হ্রাসের ফলে যে কোন সদস্যের মেয়াদ পূর্ণ না হওয়া পর্যন্ত কাউন্সিলের কার্যক্রমে কোন ব্যাঘাত ঘটবে না।”</p>	
<p>5. Disqualification for membership.— A person, other than a Professor of a medical institution, shall not be eligible for nomination as a member of the Council unless he is a registered pharmacist:</p>	<p>৫। সদস্য পদের অযোগ্যতা।— কোনো চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যাপক ছাড়া কোনো ব্যক্তি কাউন্সিলের সদস্য হিসাবে মনোনয়নের যোগ্য হইবেন না, যদি না তিনি নিবন্ধিত ফার্মাসিস্ট হইয়া থাকেন:</p>	<p>৬। সদস্য পদের অযোগ্যতা।— (১) কাউন্সিলে কোন সদস্য মনোনীত অথবা নিযুক্ত হইতে পারিবেন না, যদি- (ক) দুর্নীতি অথবা শৃঙ্খলা ভঙ্গজনিত অপরাধের দায়ে বিভাগীয় মামলা অথবা আদালতে বিচার চলমান থাকে; (খ) কোনো উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ হিসাবে ঘোষিত হন; (গ) দেউলিয়া হিসাবে ঘোষিত হন;</p>	

The Pharmacy Ordinance, 1976	বাংলায় ফার্মাসি অধ্যাদেশ, ১৯৭৬	খসড়া “ফার্মেসী আইন, ২০২৩”	মন্তব্য
<p>Provided that, for the purpose of the constitution of the first Council, a person who is qualified to be registered as a pharmacist under this Ordinance, shall be eligible for such nomination.</p>	<p>তবে শর্ত থাকে যে, প্রথম কাউন্সিল গঠনের উদ্দেশ্যে, এই অধ্যাদেশের অধীনে ফার্মাসিস্ট হিসাবে নিবন্ধিত হওয়ার যোগ্য ব্যক্তি, এই ধরনের মনোনয়নের জন্য যোগ্য হইবেন।</p>	<p>(ঘ) নৈতিক স্বলনজনিত অপরাধে দোষী সাব্যস্ত হন; (ঙ) ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হন এবং সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪২(১) অনুযায়ী ০১ (এক) বৎসর মেয়াদের অধিক মেয়াদের কারাদণ্ডে দণ্ডিত হইলে; (২) কাউন্সিলের কোনো সদস্য তঁহার মনোনয়ন অথবা নিযুক্তির পর ধারা ৫(১) এর (ঙ-জ)-এ বর্ণিত কোনো কারণে অনুপযুক্ত হইলে তঁহার সদস্যপদ বাতিল হইয়া যাইবে; এবং (৩) পদাধিকারবলে সদস্য ব্যতীত কোন ব্যক্তি কাউন্সিলের সদস্য হিসাবে মনোনয়নের যোগ্য হইবেন না, যদি না তিনি “এ” ক্যাটাগরিতে নিবন্ধনকৃত ফার্মাসিস্ট হইয়া থাকেন।</p>	
<p>6. Publication of names.— The Government shall publish in the <i>official Gazette</i> the names or the official titles of the members of the Council.</p>	<p>৬। নাম প্রকাশনা।— সরকারি গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে সরকার কাউন্সিলের সদস্যদের নাম বা পদবি প্রকাশ করিবে।</p>	<p>৭। নাম প্রকাশনা।— সরকারি গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে সরকার কাউন্সিলের সদস্যদের নাম ও পদবি প্রকাশ করিবে।</p>	
<p>7. Term of office.— (1) Subject to the provisions of subsection (2), a member other than an ex-officio member shall hold office for a period of three years commencing on the day on which he assumes office and shall be eligible for re-nomination: Provided that, notwithstanding the expiry of his term, a member shall continue to function until his successor assumes office. (2) Where the Government, upon the recommendation of a majority of the members of the Council, is satisfied that a member other than ex-officio member of the Council is negligent in the discharge of his duties or is guilty of any professional or dishonourable conduct or is otherwise not competent to perform the functions of a member, it may, by notification in the official Gazette, remove such member; and upon the publication of such notification the office of the member shall</p>	<p>৭। মেয়াদকাল।— (১) উপধারা (২) এর বিধান-সাপেক্ষে পদাধিকারবলে সদস্য ব্যতীত যে-কোনো সদস্য প্রথম কাউন্সিল সভার তারিখ হইতে ০৩ (তিন) বৎসরের জন্য বহাল থাকিবেন এবং পুনঃমনোনয়নের যোগ্য হইবেন: তবে শর্ত থাকে যে, তাহার মেয়াদ শেষ হইবার পরও তিনি তাহার পদে বহাল থাকিবেন যতক্ষণ না তাহার উত্তরসূরি উক্ত পদে আসীন হন। (২) কাউন্সিলের অধিকাংশ সদস্যবৃন্দের সুপারিশ-অনুযায়ী সরকার সন্তুষ্ট হইলে কাউন্সিলের পদাধিকারবলে সদস্য ব্যতীত যে-কোনো সদস্য যদি তাহার দায়িত্বে অবহেলা করেন অথবা কোনো পেশাদারি বা অসম্মানজনক দোষে অভিযুক্ত হন অথবা সদস্যের কাজ করিবার জন্য যোগ্য না হন, তাহা হইলে দাপ্তরিক গেজেটে বিজ্ঞপ্তি দিয়া, সরকার এইরূপ সদস্যকে অপসারণ করিবে এবং</p>	<p>৮। মেয়াদকাল।— (১) উপ-ধারা (২) এর বিধান সাপেক্ষে পদাধিকার বলে সদস্য ব্যতীত যে কোন সদস্য প্রথম কাউন্সিল সভার তারিখ হইতে ০৩ (তিন) বৎসরের জন্য বহাল থাকিবেন এবং পুনঃমনোনয়নের যোগ্য হইবেন। তবে শর্ত থাকে যে, তঁহার মেয়াদ শেষ হইবার পরও তিনি সদস্য হিসাবে বহাল থাকিবেন যতক্ষণ না তঁহার উত্তরসূরি উক্ত পদে আসীন হইবেন। (২) কাউন্সিলের মনোনীত সংখ্যাগরিষ্ঠ সদস্যবৃন্দের সুপারিশ অনুযায়ী সরকার সন্তুষ্ট হইলে কাউন্সিলের পদাধিকার বলে সদস্য ব্যতীত যে কোন সদস্য যদি তঁহার দায়িত্বে অবহেলা করেন অথবা কোন পেশাদারি বা অসম্মানজনক দোষে অভিযুক্ত হন অথবা সদস্যের কাজ করিবার জন্য যোগ্য না হন, তাহা হইলে সরকারি গেজেটে বিজ্ঞপ্তি প্রকাশপূর্বক সরকার উক্তরূপ সদস্যকে অপসারণ করিবেন; এবং এইরূপ বিজ্ঞপ্তি প্রকাশের পর, উক্ত সদস্যের পদ শূন্য বলিয়া বিবেচিত হইবে।</p>	

The Pharmacy Ordinance, 1976	বাংলায় ফার্মাসি অধ্যাদেশ, ১৯৭৬	খসড়া “ফার্মেসী আইন, ২০২৩”	মন্তব্য
become vacant.	এইরূপ বিজ্ঞপ্তি প্রকাশের পর, উক্ত সদস্যের পদ শূন্য হইবে।		
<p>8. Filling of casual vacancy.— A casual vacancy caused by the death, resignation or removal of a member shall be filled for the remainder of the term of such member, not being less than six months, by nominating another person in his place in the same manner in which such member was nominated.</p>	<p>৮। শূন্যপদ পূরণ।— মৃত্যু, পদত্যাগ বা অপসারণের কারণে হওয়া সাময়িক শূন্যতা উক্ত সদস্যের বাকি মেয়াদের জন্য, সর্বনিম্ন ছয় মাসের জন্য, এইরূপ সদস্য যেভাবে মনোনীত হইয়াছিলেন সেইভাবে মনোনয়ন দিয়া পূরণ করা হইবে।</p>	<p>৯। শূন্যপদ পূরণ।— মৃত্যু, পদত্যাগ বা অপসারণজনিত কারণে কোন সদস্যপদ সাময়িক শূন্য হইলে উক্ত সদস্যের বাকি মেয়াদের জন্য, সর্বনিম্ন ছয় মাসের জন্য এইরূপ সদস্য যেভাবে মনোনীত হইয়াছিলেন সেইভাবে তঁহার স্থলে অন্য ব্যক্তিকে মনোনয়নের মাধ্যমে শূন্যতা পূরণ করা যাইবে।</p>	
<p>9. Vacancy, etc., not to invalidate the proceedings of the Council.— No act or proceedings of the Council shall be invalid merely on the ground of the existence of any vacancy in, or any defect in the composition of, the Council.</p>	<p>৯। পদের শূন্যতা ইত্যাদি যাহা কাউন্সিলের কার্যক্রমকে অকার্যকর করিবে না।— কেবল কোনো শূন্যতা বা উক্ত কাউন্সিল গঠনে কোনো ত্রুটির যুক্তিতে এই কাউন্সিলের কার্যক্রম অকার্যকর হইবে না।</p>	<p>১০। পদের শূন্যতা ইত্যাদি যাহা কাউন্সিলের কার্যক্রমকে অকার্যকর করিবে না।— শুধুমাত্র কোন সদস্য পদের শূন্যতা বা উক্ত কাউন্সিল গঠনে কোন অনিচ্ছাকৃত ত্রুটির কারণে এই কাউন্সিলের কার্যক্রম অবৈধ বলিয়া বিবেচিত হইবে না।</p>	
<p>10. Election of Vice-President.— (1) The Council shall elect every year one of its members other than an ex-officio member to be the Vice- President of the Council and the Vice-President so elected shall hold office for a period of one year and shall be eligible for re-election: Provided that the Vice-President shall, notwithstanding the expiry of his term, continue to function until his successor is elected and assumes office. (2) The Vice-President shall perform such functions as may be entrusted to him by the Council and, in the absence of the President, also the functions of the</p>	<p>১০। সহ-সভাপতি নির্বাচন।— (১) কাউন্সিল প্রত্যেক বৎসর পদাধিকারবলে সদস্য ব্যতীত তাহার সদস্যদের মধ্যে হইতে যে কাউকে কাউন্সিলের সহ-সভাপতি হিসাবে নির্বাচন করিবে এবং এইরূপে নির্বাচিত সহ-সভাপতি এক বৎসরের জন্য তাহার পদে বহাল থাকিবেন এবং পুনর্নির্বাচনের জন্য যোগ্য হইবেন: তবে শর্ত থাকে যে, তাহার মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও তিনি স্ব-পদে বহাল থাকিবেন যতক্ষণ না তাহার উত্তরসূরি পদে আসীন হন। (২) কাউন্সিল যেসকল কার্যাবলি পরিচালনার জন্য তাহার প্রতি আস্থা রাখিবে সহ-সভাপতি সেই সকল কার্য করিবেন অথবা সভাপতির</p>	<p>১১। ভাইস চেয়ারম্যান নির্বাচন।— (১) কাউন্সিল প্রত্যেক মেয়াদে পদাধিকার বলে সদস্য ব্যতীত অন্যান্য সদস্যদের মধ্য হইতে একজনকে নির্বাচনের মাধ্যমে কাউন্সিলের ভাইস চেয়ারম্যান নির্বাচিত করিবেন এবং এইরূপে নির্বাচিত ভাইস চেয়ারম্যানের মেয়াদকাল হইবে ০১ (এক) বৎসর এবং তিনি পুনর্নির্বাচিত হইবার জন্য যোগ্য থাকিবেন। তবে শর্ত থাকে যে, ভাইস চেয়ারম্যানের মেয়াদ শেষ হইবার পরও তিনি উক্ত পদে বহাল থাকিবেন যতক্ষণ না পর্যন্ত তঁহার উত্তরসূরি উক্ত পদে আসীন হইবেন। (২) কাউন্সিল যে সকল কার্যাবলি পরিচালনার জন্য তঁহার প্রতি আস্থা রাখিবেন ভাইস চেয়ারম্যান সেই সকল কাজ করিবেন অথবা চেয়ারম্যানের অনুপস্থিতিতে, তিনি সভাপতির দায়িত্ব পালন করিবেন।</p>	

The Pharmacy Ordinance, 1976	বাংলায় ফার্মাসি অধ্যাদেশ, ১৯৭৬	খসড়া “ফার্মেসী আইন, ২০২৩”	মন্তব্য
President.	অনুপস্থিতিতে, তিনি সভাপতির কার্য করিবেন।		
<p>11. Committees of the Council.—</p> <p>(1) The Council may constitute such Committees as it deems fit for the purpose of advising it in the performance of its functions.</p> <p>(2) A Committee constituted under sub-section (1) may co-opt as its member any person whose assistance or advice it may consider necessary for the efficient performance of its functions.</p>	<p>১১। কাউন্সিলের কমিটিসমূহ।—</p> <p>(১) কাউন্সিলের কার্যাবলি পরিচালনায় পরামর্শ দেওয়ার জন্য উপযুক্ত মনে করিলে কাউন্সিল এক বা একাধিক কমিটি গঠন করিবে।</p> <p>(২) উপধারা (১)-এর অধীন গঠিত কমিটিতে এমন সদস্য বা ব্যক্তিকে বাছাই করিবে কাউন্সিলের কার্যাবলি পরিচালনার জন্য যাহার সহযোগিতা বা পরামর্শ প্রয়োজনীয় মনে হয়।</p>	<p>১২। কাউন্সিলের কমিটিসমূহ।—</p> <p>কাউন্সিল উহার দায়িত্ব পালনের সুবিধার্থে এক বা একাধিক কমিটি গঠন এবং এইরূপ কমিটির দায়িত্ব ও কার্যপরিধি নির্ধারণ করিতে পারিবে।</p>	
<p>12. Meetings of the Council.—</p> <p>(1) The Council shall meet at such time and place, and a meeting of the Council shall be summoned and conducted in such manner, as may be laid down by its regulations:</p> <p>Provided that, until such regulations are made, the President of the Council may, by notice addressed to each member, summon and conduct a meeting at such time and place and in such manner as he may deem expedient.</p> <p>(2) The President or, in his absence, the Vice-President shall preside at every meeting of the Council and, in the absence of both the President and the Vice-President, the members present shall elect one amongst them to preside at the meeting.</p>	<p>১২। কাউন্সিলের সভা।—</p> <p>(১) কাউন্সিলের সভার সময় ও স্থান এবং সভা কিরূপে আহ্বান ও পরিচালিত হইবে, তাহা এই আইনের অধীন বিধিমালায় বিবৃত হইবে:</p> <p>তবে শর্ত থাকে যে, কাউন্সিলের প্রবিধানমালা প্রণীত না হওয়া পর্যন্ত কাউন্সিলের সভাপতি প্রত্যেক সদস্যকে বিজ্ঞপ্তির মাধ্যমে সভার সময় ও স্থান নির্ধারণ করিয়া সভা আহ্বান ও পরিচালনা করিতে পরিবেন, যেভাবে তিনি সুবিধাজনক মনে করিবেন।</p> <p>(২) সভাপতি অথবা তাহার অনুপস্থিতিতে সহ-সভাপতি, কাউন্সিলের প্রত্যেকটি সভায় সভাপতিত্ব করিবেন এবং সভাপতি ও সহ-সভাপতি উভয়ের অনুপস্থিতিতে উপস্থিত সদস্যগণ তাহাদের মধ্যে থেকে যে-কোনো একজনকে উক্ত সভায় সভাপতিত্ব করিবার জন্য নির্বাচন করিবেন।</p>	<p>১৩। কাউন্সিলের সভা।—</p> <p>(১) এই ধারার অন্যান্য বিধান সাপেক্ষে, কাউন্সিল উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।</p> <p>(২) চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত তারিখ, সময় ও স্থানে কাউন্সিলের সভা অনুষ্ঠিত হইবে।</p> <p>(৩) প্রতি বৎসর কাউন্সিলের অনূন ০৩ (তিন) টি সভা অনুষ্ঠিত হইবে।</p> <p>(৪) চেয়ারম্যান কাউন্সিলের সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে কাউন্সিলের ভাইস চেয়ারম্যান সভায় সভাপতিত্ব করিবেন।</p> <p>(৫) কাউন্সিলের অনূন এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে কাউন্সিলের সভার কোরাম গঠিত হইবে, তবে মূলতবি সভার ক্ষেত্রে কোন কোরামের প্রয়োজন হইবে না।</p> <p>(৬) সভায় উপস্থিত সদস্যদের সংখ্যাগরিষ্ঠ ভোটে কাউন্সিলের সকল সিদ্ধান্ত গৃহীত হইবে, তবে ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারী ব্যক্তির একটি দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।</p> <p>(৭) শুধু কাউন্সিলের কোন সদস্য পদে শূন্যতা বা কাউন্সিল গঠনে ত্রুটি থাকিবার কারণে কাউন্সিলের কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না বা গৃহীত কোন সিদ্ধান্ত বাতিল হইবে না এবং তৎসম্পর্কে কোন প্রশ্নও উত্থাপন করা যাইবে না।</p>	
The Pharmacy Ordinance, 1976-এ	ফার্মাসি অধ্যাদেশ, ১৯৭৬-এ এইরূপ	১৪। প্রধান নিয়ন্ত্রক।— (১) কাউন্সিলের একজন প্রধান নিয়ন্ত্রক থাকিবেন।	প্রস্তাবিত আইনের

The Pharmacy Ordinance, 1976	বাংলায় ফার্মাসি অধ্যাদেশ, ১৯৭৬	খসড়া “ফার্মেসী আইন, ২০২৩”	মন্তব্য
এইরূপ কোন ধারা উল্লেখ নাই।	কোন ধারা উল্লেখ নাই।	<p>(২) সরকার “এ” ক্যাটাগরিতে ফার্মাসিস্ট হিসাবে নিবন্ধিত যোগ্য ব্যক্তিকে কাউন্সিলের প্রধান নিয়ন্ত্রক নিয়োগ করিবেন এবং তাঁহার চাকুরির শর্তাদি সরকার কর্তৃক স্থিরীকৃত হইবে।</p> <p>(৩) প্রধান নিয়ন্ত্রক কাউন্সিলের সার্বক্ষণিক কর্মকর্তা এবং প্রধান নির্বাহী ও প্রধান হিসাব কর্মকর্তা হইবেন। এই আইন, বিধি ও প্রবিধানের বিধানাবলি সাপেক্ষে, তিনি তাঁহার ক্ষমতা প্রয়োগ ও কার্যাবলি সম্পাদন করিবেন।</p> <p>(৪) প্রধান নিয়ন্ত্রক তাঁহার কার্যাবলির জন্য কাউন্সিলের নিকট দায়ী থাকিবেন।</p>	ধারা-১৪ নতুনভাবে সংযোজন করা হইয়াছে।
<p>13. Appointment of Secretary, Officers and Staff of the Council.—</p> <p>(1) The Council shall, with the approval of the Government, appoint a Secretary from amongst persons eligible for registration as pharmacists on such terms and conditions as it may deem fit.</p> <p>(2) The Council may also appoint such officers and staff as may be necessary for the efficient performance of its functions.</p>	<p>১৩। কাউন্সিলের সচিব, কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ।—</p> <p>(১) সরকারের অনুমোদন-সাপেক্ষে, ফার্মাসিস্ট হিসাবে নিবন্ধনের জন্য যোগ্য ব্যক্তিদের মধ্য থেকে একজনকে সচিব নিয়োগ করিবেন এমন শর্তে, যেভাবে তাহা যথাযথ মনে হয়।</p> <p>(২) কাউন্সিল তাহার কার্যাবলি দক্ষতার সাহিত পরিচালনার জন্য প্রয়োজন মনে করিলে কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ করিবে।</p>	<p>১৫। কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ।—</p> <p>কাউন্সিল উহার দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য, সরকার কর্তৃক অনুমোদিত সাংগঠনিক কাঠামো সাপেক্ষে, প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ করিতে পারিবেন এবং তাহাদের চাকুরির শর্তাবলি প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।</p>	
<p>14. Finance.—</p> <p>The funds of the Council shall consist of the fees received by it under this Ordinance and of such moneys as may be placed at its disposal by the Government.</p>	<p>১৪। তহবিল —</p> <p>এই অধ্যাদেশের অধীন কাউন্সিল কর্তৃক গৃহীত ফি এবং সরকার কর্তৃক প্রদত্ত অর্থ দ্বারা কাউন্সিলের তহবিল গঠিত হইবে।</p>	<p>১৬। তহবিল।—</p> <p>(১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, বাংলাদেশ ফার্মেসি কাউন্সিল তহবিল নামে কাউন্সিলের একটি তহবিল থাকিবে এবং উহাতে নিম্নবর্ণিত উৎস হইতে অর্থ জমা হইবে, যথাঃ-</p> <p>(ক) সরকার কর্তৃক প্রদত্ত অনুদান;</p> <p>(খ) এই আইনের অধীন প্রাপ্ত নিবন্ধন, সনদ নবায়ন এবং অন্যান্য ফি;</p> <p>(গ) বিনিয়োগ ও সম্পত্তির আয়;</p> <p>(ঘ) সরকারের পূর্বানুমোদনক্রমে কোন দেশি বা বিদেশি উন্নয়ন সহযোগী সংস্থা হইতে প্রাপ্ত অনুদান;</p> <p>(ঙ) কোন স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুদান এবং</p> <p>(চ) নিজস্ব আয় বা অন্য কোন বৈধ উৎস হইতে প্রাপ্ত অর্থ।</p> <p>(২) কাউন্সিলের পূর্বানুমোদনক্রমে তহবিলের অর্থ যে কোন তফসিলি ব্যাংকে কাউন্সিলের নামে জমা রাখিতে হইবে।</p> <p>(৩) বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে তহবিল ও বিনিয়োগকৃত অর্থ পরিচালনা করিতে হইবে।</p> <p>তবে শর্ত থাকে যে, বিধি প্রণীত না হওয়া পর্যন্ত কাউন্সিল কর্তৃক নির্দিষ্ট পদ্ধতিতে তহবিল ও বিনিয়োগকৃত অর্থ পরিচালিত হইবে।</p>	

The Pharmacy Ordinance, 1976	বাংলায় ফার্মাসি অধ্যাদেশ, ১৯৭৬	খসড়া “ফার্মেসী আইন, ২০২৩”	মন্তব্য
		<p>ব্যাখ্যা।— “তফসিলি ব্যাংক” বলিতে Bangladesh Bank Order, 1972 (President’s Order No.127 of 1972) এর Article 2 (j) তে সংজ্ঞায়িত Scheduled Bank কে বুঝাইবে।</p> <p>(৪) তহবিল হইতে সরকারের নিয়ম-নীতি ও বিধি-বিধান অনুসরণক্রমে কাউন্সিলের প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করা যাইবে।</p>	
<p>The Pharmacy Ordinance, 1976-এ এইরূপ কোন ধারা উল্লেখ নাই।</p>	<p>ফার্মাসি অধ্যাদেশ, ১৯৭৬-এ এইরূপ কোন ধারা উল্লেখ নাই।</p>	<p>১৭। কল্যাণ তহবিল গঠন।— কাউন্সিল নির্ধারিত পদ্ধতিতে, উহার কর্মচারী ও নিবন্ধিত ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ান এবং তাহাদের পরিবারের কল্যাণের জন্য কল্যাণ তহবিল গঠন এবং যৌথ বীমা পলিসি গ্রহণ করিতে পারিবে।</p>	<p>প্রস্তাবিত আইনের ধারা-১৭ নতুনভাবে সংযোজন করা হইয়াছে।</p>
<p>The Pharmacy Ordinance, 1976-এ এইরূপ কোন ধারা উল্লেখ নাই।</p>	<p>ফার্মাসি অধ্যাদেশ, ১৯৭৬-এ এইরূপ কোন ধারা উল্লেখ নাই।</p>	<p>১৮। ফি আদায়, ইত্যাদি।— (১) কাউন্সিল নির্ধারিত পদ্ধতিতে পরীক্ষা গ্রহণ, সনদ প্রদান, সনদ নবায়ন বা অন্য কোন সেবার জন্য বিধি দ্বারা নির্ধারিত ফি আদায় করিতে পারিবে। (২) উপ-ধারা (১) এর অধীন নির্ধারিত ফিসমূহ কাউন্সিল, সময় সময়, সরকারি গেজেট প্রজ্ঞাপনের মাধ্যমে পুনঃনির্ধারণ করিতে পারিবে। তবে শর্ত থাকে যে, বিধি প্রণীত না হওয়া পর্যন্ত কাউন্সিল সরকারের পূর্বানুমোদনক্রমে নির্বাহী আদেশ দ্বারা উপ-ধারা (১) এ নির্ধারিত ফি আদায় করিতে পারিবে।</p>	<p>প্রস্তাবিত আইনের ধারা-১৮ নতুনভাবে সংযোজন করা হইয়াছে।</p>
<p>15. Accounts and audit.— (1) The Council shall maintain proper accounts and prepare annual statement of accounts in such form as may be prescribed by regulations. (2) The accounts of the Council shall be audited by the Comptroller and Auditor-General of Bangladesh or any officer authorised by him in such manner as the Comptroller and Auditor-General may think fit.</p>	<p>১৫। হিসাব ও নিরীক্ষা।— (১) কাউন্সিল বিধিমালায় নির্ধারিত পদ্ধতিতে উহার তহবিলের হিসাব যথাযথভাবে রক্ষণাবেক্ষণ এবং হিসেবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে। (২) বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক অথবা তাহার দ্বারা ক্ষমতাপ্রাপ্ত যে-কোনো কর্মকর্তা কর্তৃক এমনভাবে কাউন্সিলের হিসাব নিরীক্ষা করা হইবে যেভাবে মহা হিসাব-নিরীক্ষক উপযুক্ত মনে করেন।</p>	<p>১৯। হিসাব রক্ষণ ও নিরীক্ষা।— (১) কাউন্সিল, সরকার কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে, যথাযথভাবে উহার হিসাব সংরক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রণয়ন করিবে। (২) বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অতঃপর মহা হিসাব-নিরীক্ষক নামে অভিহিত, প্রতি বৎসর কাউন্সিলের হিসাব নিরীক্ষা করিবেন এবং নিরীক্ষা রিপোর্টের একটি করিয়া অনুলিপি সরকার ও কাউন্সিল এর নিকট পেশ করিবেন। (৩) উপ-ধারা (২) এ উল্লিখিত নিরীক্ষা রিপোর্টে কোন আপত্তি উত্থাপিত হইলে উহা নিষ্পত্তির জন্য কাউন্সিল অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করিবে। (৪) উপ-ধারা (২) এর অধীন হিসাব নিরীক্ষা ছাড়াও Bangladesh Chartered Accountants Order, 1973 (P.O. No. 2 of 1973) এর Article ২(১) (ন) তে সংজ্ঞায়িত চার্টার্ড একাউন্টেন্ট দ্বারা কাউন্সিলের হিসাব নিরীক্ষা করা যাইবে এবং এতদুদ্দেশ্যে কাউন্সিল এক বা একাধিক চার্টার্ড একাউন্টেন্ট নিয়োগ করিতে পারিবে।</p>	
<p>16. Annual report.— As soon as may be, after the close of every financial year, the Council shall submit to the Government, an annual report giving an account of its proceedings together with a statement of moneys received and expenses incurred by it during</p>	<p>১৬। বার্ষিক প্রতিবেদন।— প্রত্যেক অর্থ-বৎসর শেষে যত দূর সম্ভব, কাউন্সিল তাহার কার্যক্রমের একটি হিসাবসহ একটি বার্ষিক প্রতিবেদন এবং সেই সঙ্গে উক্ত বৎসরে গৃহীত ও খরচকৃত অর্থের উপর একটি</p>	<p>২০। বার্ষিক প্রতিবেদন।— (১) কাউন্সিল, প্রতি বৎসর ৩০ জুনের মধ্যে পূর্ববর্তী অর্থ বৎসরের কার্যাবলির বিবরণ সম্বলিত একটি প্রতিবেদন সরকারের নিকট পেশ করিবে। (২) সরকার, যে কোন সময় কাউন্সিলের নিকট হইতে উহার যে কোন বিষয়ের উপর প্রতিবেদন বা বিবরণী তলব করিতে পারিবে এবং কাউন্সিল উহা সরকারের নিকট সরবরাহ করিতে বাধ্য থাকিবে।</p>	

The Pharmacy Ordinance, 1976	বাংলায় ফার্মাসি অধ্যাদেশ, ১৯৭৬	খসড়া “ফার্মেসী আইন, ২০২৩”	মন্তব্য
that year.	বিবৃতি সরকারের নিকট পেশ করিবে।		
<p>17. Functions of the Council.— The functions of the Council shall be-</p> <p>a) to approve examinations in Pharmacy for the purpose of qualifying persons for registration as pharmacists;</p> <p>b) to prescribe the subjects in which approved examinations shall be held;</p> <p>c) to approve the courses of study and practical training in pharmacy for the purpose of admission to approved examinations;</p> <p>d) to prescribe the conditions and procedure for admission of candidates to an approved examination;</p> <p>e) to lay down the standard of teaching to be maintained by institutions conducting the approved courses of study;</p> <p>f) to prescribe the equipment and facilities to be made available to the students;</p> <p>g) to recognise degree or diploma in Pharmacy for the purpose of registration as pharmacists;</p> <p>h) to cause inspection of institutions which conduct any course of study in Pharmacy and of the teachings imparted and examinations held by them;</p> <p>i) to prepare and maintain Registers of pharmacists and apprentices in pharmacy;</p> <p>j) to register pharmacists and grant certificates of registration;</p> <p>k) to hold examinations for the</p>	<p>১৭। কাউন্সিলের কার্যাবলি।— কাউন্সিলের কার্যাবলি হইবে –</p> <p>ক) ফার্মাসিস্ট হিসাবে নিবন্ধনের ক্ষেত্রে যোগ্যতা নিরূপণের উদ্দেশ্যে ফার্মেসি বিষয়ের উপর পরীক্ষা অনুমোদন করা;</p> <p>খ) কোন কোন বিষয়ে অনুমোদিত পরীক্ষা অনুষ্ঠিত হইবে তাহা নির্ধারণ করা;</p> <p>গ) অনুমোদিত পরীক্ষায় ভর্তির উদ্দেশ্যে গঠিত কোর্স এবং ফার্মেসিতে ব্যবহারিক প্রশিক্ষণ অনুমোদন করা;</p> <p>ঘ) অনুমোদিত পরীক্ষায় প্রার্থীর ভর্তির উদ্দেশ্যে শর্তাবলি ও প্রক্রিয়া অনুমোদন করা;</p> <p>ঙ) অনুমোদিত বিষয়ে প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত শিক্ষার মান নির্ধারণ করা;</p> <p>চ) ছাত্র-ছাত্রীদের জন্য প্রদত্ত যন্ত্রপাতি ও সুবিধাদি নির্ধারণ করা;</p> <p>ছ) ফার্মাসিস্ট হিসাবে নিবন্ধনের জন্য ডিগ্রি বা ডিপ্লোমার স্বীকৃতি দেয়া;</p> <p>জ) ফার্মেসি বিষয়ে কোর্স পরিচালনাকারী প্রতিষ্ঠান এবং তাহাদের দ্বারা প্রদত্ত শিক্ষা ও গৃহীত পরীক্ষা পদ্ধতি পরিদর্শনের ব্যবস্থা করা;</p> <p>ঝ) ফার্মাসিস্ট ও শিক্ষানবিশ ফার্মাসিস্টদের রেজিস্টার প্রস্তুত ও রক্ষণাবেক্ষণ করা;</p> <p>ঞ) ফার্মাসিস্টদের নিবন্ধন করা এবং নিবন্ধন সনদ প্রদান করা;</p> <p>ট) ফার্মাসিস্ট হিসাবে নিবন্ধনের জন্য পরীক্ষা গ্রহণ করা; এবং</p> <p>ঠ) এই অধ্যাদেশ বা ইহার অধীনে প্রণীত নিয়মাবলি দ্বারা প্রাপ্ত ক্ষমতা বা করিবার প্রয়োজন হইলে অন্য সকল কিছু করা।</p>	<p>২১। কাউন্সিলের ক্ষমতা ও কার্যাবলি।— এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, কাউন্সিলের ক্ষমতা ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথাঃ-</p> <p>(ক) ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট এবং ফার্মেসি টেকনিশিয়ানদের নিবন্ধন ও সনদ প্রদান এবং বাতিল, নিয়ন্ত্রণ এবং তাহাদের আইনগত অধিকার ও সুযোগ- সুবিধা সংরক্ষণ;</p> <p>(খ) এই আইনের অধীন ফার্মাসিস্ট হিসাবে নিবন্ধন সনদ প্রদান সংক্রান্ত পরীক্ষা অনুমোদন;</p> <p>(গ) কোন কোন বিষয়সমূহ অনুমোদিত পরীক্ষায় অন্তর্ভুক্ত হইবে তাহা নির্ধারণ;</p> <p>(ঘ) অনুমোদিত পরীক্ষায় অংশগ্রহণের উদ্দেশ্যে প্রণীত ফার্মেসি পাঠ্যসূচী এবং ব্যবহারিক প্রশিক্ষণ অনুমোদন;</p> <p>(ঙ) ফার্মাসিস্ট হিসাবে নিবন্ধনের উদ্দেশ্যে পরীক্ষা গ্রহণ, পরীক্ষার্থীর যোগ্যতা নির্ধারণ এবং অন্যান্য আনুষঙ্গিক বিষয় নির্ধারণ;</p> <p>(চ) ফার্মেসি শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য স্বীকৃতি প্রদান;</p> <p>(ছ) ফার্মেসি শিক্ষার কোর্স কারিকুলাম প্রণয়ন, ডিগ্রির মান উন্নয়ন, ইন্টার্নশিপ নীতিমালা প্রণয়ন;</p> <p>(জ) ফার্মেসি শিক্ষা প্রদানকারী প্রতিষ্ঠানের কাঠামোগত সুবিধাদি এবং শিক্ষার্থীদের প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতির মান নির্ধারণ;</p> <p>(ঝ) বাংলাদেশে ফার্মেসি বিষয়ে কোর্স পরিচালনাকারী প্রতিষ্ঠানসমূহ এবং উক্ত প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রদত্ত ফার্মেসি শিক্ষা যোগ্যতার অনুমতি প্রদান;</p> <p>(ঞ) অনুমোদিত ফার্মেসি শিক্ষা প্রদানকারী শিক্ষকবৃন্দের মান এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শিক্ষার মান নির্ধারণ;</p> <p>(ট) ফার্মেসি শিক্ষার স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষার্থী ভর্তির নীতিমালা প্রণয়ন;</p> <p>(ঠ) ফার্মেসি শিক্ষা সংক্রান্ত ডিপ্লোমা ও প্রশিক্ষণ কোর্সে ভর্তির নীতিমালা প্রণয়ন;</p> <p>(ড) ফার্মেসি শিক্ষা ও প্রশিক্ষণ কোর্সে ভর্তির নির্দেশিকা ও শর্তাদি নির্ধারণ;</p> <p>(ঢ) অনুমোদিত ফার্মেসি শিক্ষা প্রতিষ্ঠানের ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের তালিকাভুক্তিকরণ;</p> <p>(ণ) ফার্মেসি বিষয়ে যে কোন কোর্স পরিচালনাকারী প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন;</p> <p>(ত) ফার্মাসিস্ট হিসাবে নিবন্ধনভুক্ত হওয়ার জন্য প্রয়োজনীয় ডিগ্রি অথবা ডিপ্লোমার স্বীকৃতি প্রদান;</p> <p>(থ) ফার্মাসিস্ট ও শিক্ষানবিশ ফার্মাসিস্টদের রেজিস্টার প্রণয়ন ও সংরক্ষণ;</p> <p>(দ) ফার্মেসি বিষয়ে বিদেশি কোন শিক্ষা প্রতিষ্ঠান হইতে প্রদত্ত কোন ডিগ্রি বা ডিপ্লোমার সমতা মূল্যায়ন ও স্বীকৃতি প্রদান;</p> <p>(ধ) ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট এবং ফার্মেসি টেকনিশিয়ানদের নিবন্ধন ও সনদ ফি, নবায়ন ফি এবং এই আইনের অধীনে স্বীকৃত অন্য কোন ফি নির্ধারণ করা;</p> <p>(ন) এই আইনের অধীন নিবন্ধন ও পরিদর্শন ফি নির্ধারণ;</p> <p>(প) ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট এবং ফার্মেসি টেকনিশিয়ানদের দক্ষতা বৃদ্ধি, বিশেষায়িত জ্ঞানের সুযোগ সৃষ্টি বা সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;</p> <p>(ফ) ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট এবং ফার্মেসি টেকনিশিয়ানদের দক্ষতা বৃদ্ধির জন্য কর্ম-</p>	

The Pharmacy Ordinance, 1976	বাংলায় ফার্মাসি অধ্যাদেশ, ১৯৭৬	খসড়া “ফার্মেসী আইন, ২০২৩”	মন্তব্য
<p>purpose of registration as pharmacists; and</p> <p>l) to do such other acts and things as it may be empowered or required to do by or under this Ordinance.</p>		<p>পরিকল্পনা প্রণয়ন;</p> <p>(ব) ফার্মেসি শিক্ষা, পেশা ও সেবার মান নিয়ন্ত্রণ, উন্নয়ন, সম্প্রসারণ এবং ক্ষেত্রমত এতদবিষয়ে গবেষণা পরিচালনা;</p> <p>(ভ) মডেল ফার্মেসিতে কর্মরত ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট এবং ফার্মেসি টেকনিশিয়ানদের পেশাগত বিষয়ে নীতিমালা প্রণয়ন, তদারকি ও বাস্তবায়ন;</p> <p>(ম) মডেল ফার্মেসিতে কর্মরত অসদাচরণের জন্য কোন ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট এবং ফার্মেসি টেকনিশিয়ানদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ এবং</p> <p>(য) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে প্রয়োজনীয় ও বিধি দ্বারা নির্ধারিত আনুষঙ্গিক কার্যাবলি সম্পাদন।</p> <p>(র) এই আইনের অধীনে নিবন্ধিত নহেন ফার্মেসি পেশায় নিয়োজিত এইরূপ ব্যক্তিদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ;</p> <p>(ল) ফার্মাসিস্টদের জন্য অনুসরণীয় পেশাগত আচরণের মান ও তৎসম্পর্কিত নীতি নির্ধারণ;</p> <p>(শ) ফার্মেসি শাস্ত্র বিষয়ক ভূয়া পদবি, ডিগ্রি, প্রতারণামূলক প্রতিনিধিত্ব অথবা নিবন্ধন, ইত্যাদির বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ;</p>	
<p>18. Approval of examinations.—</p> <p>(1) Any institution or authority, other than the Council, which holds an examination in Pharmacy, may apply to the Council for approval of the examination for the purpose of qualifying a person for registration as a pharmacist under this Ordinance.</p> <p>(2) The Council, if it is satisfied after such enquiry as it may think fit that the examination for the approval of which an application has been made under sub-section (1) is in conformity with the provisions of this Ordinance and the regulations, shall approve the examination and, by notification in the official Gazette, declare it to be an approved examination for the purpose of qualifying a person for registration as a pharmacist under this Ordinance.</p>	<p>১৮। পরীক্ষা অনুমোদন।—</p> <p>(১) যে-কোনো প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ, এই আইনের অধীন অনুমোদিত পাঠ্যসূচি অনুযায়ী ফার্মেসি বিষয়ের উপর অনুষ্ঠিত পরীক্ষা অনুমোদন করিবার জন্য কাউন্সিলের নিকট আবেদন করিতে পারিবে।</p> <p>(২) পরিদর্শনপূর্বক সন্তুষ্ট হইলে কাউন্সিল যদি উপযুক্ত মনে করে যে, যেসকল পরীক্ষার পাঠ্যসূচি অনুমোদনের জন্য উপধারা (১)-এর অধীন আবেদন করা হইয়াছে তাহা এই অধ্যাদেশের প্রবিধান ও বিধিমালার সহিত সামঞ্জস্যপূর্ণ, তাহা হইলে উক্ত পরীক্ষা অনুমোদন করিবে এবং দাপ্তরিক গেজেটে বিজ্ঞপ্তি দিয়া, কাউন্সিল এই অধ্যাদেশের অধীন ফার্মাসিস্ট হিসাবে নিবন্ধনের জন্য, ব্যক্তির যোগ্যতা নিরূপণের জন্য ফার্মেসির উপর অনুষ্ঠিত পরীক্ষা অনুমোদিত হিসাবে ঘোষণা দিবে।</p>	<p>২২। পরীক্ষা অনুমোদন।—</p> <p>(১) যে কোন প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ, এই আইনের অধীন অনুমোদিত পাঠ্যসূচি অনুযায়ী ফার্মেসি বিষয়ের উপর অনুষ্ঠিত পরীক্ষা অনুমোদন করিবার জন্য কাউন্সিলের নিকট আবেদন করিতে পারিবে।</p> <p>(২) কাউন্সিল কর্তৃক নিয়োজিত পরিদর্শকের প্রতিবেদন বিবেচনার পর সন্তুষ্ট হইলে কাউন্সিল যদি উপযুক্ত মনে করে যে সকল পরীক্ষার পাঠ্যসূচী অনুমোদনের জন্য উপ-ধারা (১) এর অধীন আবেদন করা হইয়াছে তাহা এই আইনের বিধিমালার সাথে সামঞ্জস্যপূর্ণ, তাহা হইলে উক্ত পরীক্ষা অনুমোদন করিবে।</p>	
<p>19. Approval of courses of study.—</p>	<p>১৯। শিক্ষা কোর্স অনুমোদন।—</p>	<p>২৩। শিক্ষা কোর্স অনুমোদন।—</p>	

The Pharmacy Ordinance, 1976	বাংলায় ফার্মাসি অধ্যাদেশ, ১৯৭৬	খসড়া “ফার্মেসী আইন, ২০২৩”	মন্তব্য
<p>(1) Any institution or authority which conducts a course of study in Pharmacy may apply to the Council for approval of such course of study for the purpose of admission to an approved examination.</p> <p>(2) The Council, if it is satisfied after such enquiry as it may think fit that the course of study for the approval of which an application has been made under sub-section (1) is in conformity with the provisions of this Ordinance and the regulations, shall submit the application together with its recommendation to the Government and shall, upon the approval of the course of study by the Government, declare it, by notification in the official Gazette, to be an approved course of study for the purpose of admission to an approved examination.</p>	<p>(১) যে-কোনো প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ যাহা ফার্মেসি শিক্ষা প্রদান করে তাহা কোনো অনুমোদিত পরীক্ষায় ভর্তির উদ্দেশ্যে এইরূপ শিক্ষা কোর্স অনুমোদনের জন্য এই কাউন্সিলের নিকট আবেদন করিতে পারিবে।</p> <p>(২) পরিদর্শনপূর্বক সন্তুষ্ট হইলে কাউন্সিল যদি মনে করে যে উপধারা (১)-এর অধীনে আবেদনকৃত ফার্মেসি শিক্ষা- কোর্স কাউন্সিল কর্তৃক প্রণীত অ্যাক্রিডিটেশন নীতিমালার প্রয়োজনীয় শর্ত পূরণ করিয়াছে তাহা হইলে উক্ত কোর্স পরিচালনার জন্য আবেদনকারী প্রতিষ্ঠানকে কাউন্সিল নির্দিষ্ট মেয়াদে অনুমোদন প্রদান করিবে, যাহা সরকার কর্তৃক গেজেট বিজ্ঞপ্তি দ্বারা প্রকাশ করা হইবে।</p>	<p>(১) কাউন্সিল কর্তৃক অনুমোদিত ফার্মেসি বিষয়ে স্নাতকোত্তর, স্নাতক, ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্সে ভর্তি ও কোর্স পরিচালনার উদ্দেশ্যে সরকার কর্তৃক অনুমোদন প্রাপ্ত কোন প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ উল্লিখিত স্নাতকোত্তর, স্নাতক, ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স অনুমোদনের জন্য কাউন্সিলের নিকট আবেদন করিতে পারিবে।</p> <p>(২) উপ-ধারা (১) এর অধীন অনুমোদিত বিভিন্ন পর্যায়ের ফার্মেসি শিক্ষা কোর্স পরিচালনার যোগ্যতা অনুমোদনের জন্য আবেদনকারী প্রতিষ্ঠানের ফার্মেসি শিক্ষা প্রদানের যোগ্যতা নির্ধারণের উদ্দেশ্যে, কাউন্সিল সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এতদসংক্রান্ত পাঠ্যসূচী, শিক্ষার্থী ভর্তি পদ্ধতি ও প্রক্রিয়া, পাঠদান পদ্ধতি ও প্রক্রিয়া, ব্যবহারিক প্রশিক্ষণ, পরীক্ষা গ্রহণ পদ্ধতি, শিক্ষার মান, শিক্ষকদের যোগ্যতা, ল্যাবরেটরি ও অন্যান্য প্রয়োজনীয় অবকাঠামোগত সুবিধা, শিক্ষক ও শিক্ষার্থীদের মূল্যবোধ এবং প্রতিষ্ঠানের সার্বিক পরিবেশ ও আনুষঙ্গিক অন্যান্য কার্যক্রম কাউন্সিল কর্তৃক প্রণীত অ্যাক্রিডিটেশন নীতিমালা অনুযায়ী পরিদর্শন ও মূল্যায়ন করিতে পারিবে।</p> <p>(৩) পরিদর্শন প্রতিবেদন বিবেচনার পর কাউন্সিল যদি মনে করে যে, উপ-ধারা (১) এর অধীনে আবেদনকৃত ফার্মেসি শিক্ষা কোর্স এই আইনের অধীন কাউন্সিল কর্তৃক প্রণীত অ্যাক্রিডিটেশন নীতিমালার প্রয়োজনীয় শর্তাদি পূরণ করিয়াছে তাহা হইলে উক্ত কোর্স পরিচালনার জন্য আবেদনকারী প্রতিষ্ঠানকে কাউন্সিল নির্দিষ্ট মেয়াদে অনুমোদন প্রদান করিবে, যাহা সরকার কর্তৃক গেজেট বিজ্ঞপ্তি দ্বারা প্রকাশ করা হইবে।</p>	
<p>The Pharmacy Ordinance, 1976-এ এইরূপ কোন ধারা উল্লেখ নাই।</p>	<p>ফার্মাসি অধ্যাদেশ, ১৯৭৬-এ এইরূপ কোন ধারা উল্লেখ নাই।</p>	<p>২৪। কাউন্সিলের অনুমোদন ব্যতিরেকে ফার্মেসী শিক্ষা কার্যক্রম পরিচালনার দণ্ড।—</p> <p>(১) কাউন্সিলের অনুমোদন ব্যতিরেকে ফার্মেসি বিষয়ে স্নাতকোত্তর, স্নাতক, ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্স সংক্রান্ত কোন শিক্ষা কার্যক্রম গ্রহণ, পাঠ্যসূচী প্রণয়ন, কোর্স পরিচালনা, প্রশিক্ষণ প্রদান অথবা এতদসংক্রান্ত কোন সনদপত্র, ডিগ্রি বা ডিপ্লোমা প্রদান করিতে পারিবে না।</p> <p>(২) কোন প্রতিষ্ঠান কাউন্সিলের অনুমোদন ব্যতিরেকে ফার্মেসি বিষয়ে স্নাতকোত্তর, স্নাতক, ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্স সংক্রান্ত শিক্ষা কার্যক্রম পরিচালনা করিলে উহা এই আইনের অধীন অপরাধ বলিয়া গণ্য হইবে এবং অপরাধের সহিত প্রত্যক্ষ সংশ্লিষ্টতা রহিয়াছে এইরূপ প্রতিষ্ঠানের মালিক, পরিচালক, বা অন্য কোন কর্মচারী উক্ত অপরাধ করিয়াছেন বলিয়া গণ্য হইবে, যদি না অভিযুক্ত ব্যক্তি প্রমাণ করিতে পারেন যে, অপরাধটি তাহার দ্বারা সংঘটিত হয় নাই।</p> <p>(৩) উপ-ধারা (২) এর অধীন সংঘটিত অপরাধের জন্য অনধিক ০২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ০৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয়দণ্ডে দণ্ডনীয় হইবে এবং উক্ত অপরাধ অব্যাহত থাকিলে প্রতিদিনের জন্য ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ডে দণ্ডনীয় হইবে।</p>	<p>প্রস্তাবিত আইনের ধারা-২৪ নতুনভাবে সংযোজন করা হইয়াছে।</p>

The Pharmacy Ordinance, 1976	বাংলায় ফার্মাসি অধ্যাদেশ, ১৯৭৬	খসড়া “ফার্মেসী আইন, ২০২৩”	মন্তব্য
The Pharmacy Ordinance, 1976-এ এইরূপ কোন ধারা উল্লেখ নাই।	ফার্মাসি অধ্যাদেশ, ১৯৭৬-এ এইরূপ কোন ধারা উল্লেখ নাই।	<p>২৫। বাংলাদেশের বাহিরের প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ফার্মেসী শিক্ষা সংক্রান্ত যোগ্যতার অনুমোদন।—</p> <p>(১) বিদেশি কোন শিক্ষা প্রতিষ্ঠান হইতে ডিগ্রি, প্রশিক্ষণ অথবা সনদপ্রাপ্ত কোন ব্যক্তি উক্ত ডিগ্রি, প্রশিক্ষণ অথবা সনদমূলে বাংলাদেশে ফার্মেসি পেশাজীবী অথবা ফার্মেসি প্রাকটিশনার হিসাবে পেশা বা কার্য পরিচালনা করিতে আগ্রহী হইলে বা বাংলাদেশে উক্ত ডিগ্রি অথবা সনদ ব্যবহারে আগ্রহী হইলে উক্ত ব্যক্তিকে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কাউন্সিলের নিকট আবেদন করিতে হইবে।</p> <p>(২) কাউন্সিল বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ও শর্ত পূরণ সাপেক্ষে উপযুক্ত বিবেচনা করিলে আবেদনকারীকে নিবন্ধন প্রদান করিতে পারিবে।</p> <p>(৩) উপ-ধারা (১) এর বিধান প্রতিপালন না করিয়া কোন ব্যক্তি ফার্মেসি পেশাজীবী অথবা ফার্মেসি প্রাকটিশনার হিসাবে পেশা অথবা কার্য পরিচালনা করিলে উহা অপরাধ হিসাবে গণ্য হইবে এবং তজ্জন্য তিনি অন্যান্য ০২ (দুই) বৎসর পর্যন্ত কারাদণ্ড অথবা অন্যান্য ০১ (এক) লক্ষ টাকা হইতে অনূর্ধ্ব ০২ (দুই) লক্ষ টাকা পর্যন্ত অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।</p>	প্রস্তাবিত আইনের ধারা-২৫ নতুনভাবে সংযোজন করা হইয়াছে।
<p>20. Furnishing of information.— Every institution or authority which applies for the approval of an examination under section 18 or a course of study under section 19, or holds an examination or conducts an approved course of study shall furnish to the Council such information as the Council may, from time to time, require relating to-</p> <p>a) the course of study conducted and training given;</p> <p>b) the examination held;</p> <p>c) the ages at which the students may undergo the course of study;</p> <p>d) the equipments and facilities provided for the students; and</p> <p>e) matters generally pertaining to the course of study, training and examinations and standard of teaching.</p>	<p>২০। তথ্য তলব।— যে সকল প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ ১৮ নং অনুচ্ছেদের অধীন পরীক্ষা অনুমোদন অথবা ১৯ নং অনুচ্ছেদের অধীন শিক্ষা কোর্স অনুমোদনের জন্য আবেদন করিবে অথবা এইরূপ কোনো পরীক্ষার আয়োজন করে বা এইরূপ শিক্ষা কোর্স পরিচালনা করে, সেই সকল প্রতিষ্ঠান নিম্নলিখিত বিষয় সম্পর্কে কাউন্সিলের নিকট সময় সময় তথ্য প্রেরণ করিবে-</p> <p>ক) পরিচালিত শিক্ষা কোর্স ও প্রদত্ত প্রশিক্ষণ;</p> <p>খ) অনুষ্ঠিত পরীক্ষা;</p> <p>গ) কোর্স গ্রহণের জন্য যোগ্য ছাত্র-ছাত্রীদের বয়স;</p> <p>ঘ) ছাত্র-ছাত্রীদের জন্য সরবরাহকৃত যন্ত্র ও সুবিধাদি; এবং</p> <p>ঙ) শিক্ষা কোর্স, প্রশিক্ষণ ও পরীক্ষা এবং শিক্ষাদানের মান-সম্পর্কিত সাধারণ বিষয়।</p>	<p>২৬। পাঠ্যসূচি এবং পরীক্ষা, ইত্যাদি সম্পর্কে তথ্য তলব।—</p> <p>(১) কাউন্সিল কোন ফার্মেসি শিক্ষা পরিচালিত হয় এইরূপ শিক্ষা প্রতিষ্ঠানের নিকট হইতে কোন বিষয়ের পাঠ্যসূচি, পরীক্ষা গ্রহণ পদ্ধতি, প্রশিক্ষণ ও এতদসংক্রান্ত প্রয়োজনীয় অন্যান্য তথ্য তলব করিতে পারিবে।</p> <p>(২) উপ-ধারা (১) এর অধীন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কাউন্সিলকে তলবকৃত তথ্য সরবরাহ করিতে বাধ্য থাকিবে।</p>	
<p>21. Inspectors.— (1) The Council may appoint such Inspectors for the inspection of institutions as it may consider necessary.</p>	<p>২১। পরিদর্শক।— (১) কাউন্সিল প্রয়োজন মনে করিলে প্রতিষ্ঠান পরিদর্শনের জন্য এইরূপ পরিদর্শক নিয়োগ করিবে। (২) কাউন্সিলের সভাপতি কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত</p>	<p>২৭। পরিদর্শন।— (১) কাউন্সিল এই আইনের অধীন অনুমোদিত বিভিন্ন পর্যায়ের ফার্মেসি শিক্ষা পরিচালনাকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট ফার্মেসি শিক্ষা প্রদানের যোগ্যতা মূল্যায়নের উদ্দেশ্যে, ফার্মেসি শিক্ষা পরিচালনাকারী প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত পাঠ্যসূচি, পরীক্ষা গ্রহণ পদ্ধতি ও প্রক্রিয়া, প্রশিক্ষণ এবং এতদসংক্রান্ত অন্যান্য সুবিধাদি ও কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করিতে পারিবে।</p>	

The Pharmacy Ordinance, 1976	বাংলায় ফার্মাসি অধ্যাদেশ, ১৯৭৬	খসড়া “ফার্মেসী আইন, ২০২৩”	মন্তব্য
<p>(2) An Inspector may, if he is so authorised by the President of the Council,—</p> <p>(a) inspect any institution which holds an approved examination or conducts an approved course of study and may attend any such examination held by such institutions;</p> <p>(b) inspect any institution which has applied for the approval of the examination held, or course of study conducted, by it and attend any examination held by such institution.</p> <p>(3) An Inspector who attends any examination shall not interfere with the conduct thereof but shall submit to the Council a report on the sufficiency or otherwise of such examination and on any other matter in regard to which the Council may require him to report.</p>	<p>হইলে যে-কোনো পরিদর্শক-</p> <p>ক) অনুমোদিত পরীক্ষার আয়োজন করে বা অনুমোদিত শিক্ষা কোর্স পরিচালনা করে, এইরূপ যে-কোনো প্রতিষ্ঠান পরিদর্শন করিবেন এবং এইরূপ প্রতিষ্ঠান কর্তৃক অনুষ্ঠিত পরীক্ষায় উপস্থিত থাকিবেন;</p> <p>খ) পরীক্ষা অনুমোদন অথবা শিক্ষা কোর্স অনুমোদনের জন্য আবেদন করিবে এমন যে-কোনো প্রতিষ্ঠান পরিদর্শন করিবেন এবং এইরূপ প্রতিষ্ঠান কর্তৃক অনুষ্ঠিত পরীক্ষায় উপস্থিত থাকিবেন;</p> <p>(৩) পরীক্ষায় উপস্থিত কোনো পরিদর্শক উক্ত পরীক্ষায় হস্তক্ষেপ করিবেন না কিন্তু এইরূপ পরীক্ষার যথার্থতা এবং যে বিষয়ের উপর কাউন্সিল তাহাকে প্রতিবেদন জমা দিতে বলিবে সেই বিষয়ে একটি প্রতিবেদন কাউন্সিলের নিকট পেশ করিবেন।</p>	<p>(২) ঔষধ উৎপাদন, সংরক্ষণ অথবা বিতরণকারী প্রতিষ্ঠানে বা রিটেল ফার্মেসি অথবা হাসপাতাল ফার্মেসিসমূহে কর্মরত বাংলাদেশ ফার্মেসি কাউন্সিল কর্তৃক বিভিন্ন ক্যাটাগরিতে নিবন্ধিত ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ানদের পেশাগত দায়িত্ব যথাযথভাবে পালন নিশ্চিতকরণে উল্লিখিত প্রতিষ্ঠানসমূহ সরেজমিনে পরিদর্শন করিতে পারিবে।</p> <p>(৩) কাউন্সিল, উপ-ধারা (১) ও (২) এর অধীন পরিদর্শনের নিমিত্ত, উহার বিবেচনায় প্রয়োজনীয় সংখ্যক পরিদর্শক নিয়োগ করিতে পারিবে এবং পরিদর্শকগণ কাউন্সিলের নিকট পরিদর্শন প্রতিবেদন দাখিল করিবেন।</p> <p>(৪) কোন ব্যক্তি ইচ্ছাকৃতভাবে কোন পরিদর্শককে, এই আইন দ্বারা অথবা তাহার অধীন অর্পিত আইনগত ক্ষমতা প্রয়োগের সময় বাধা প্রদান করিলে অথবা তাহার আইনগত কর্তৃত্ব অগ্রাহ্য করিলে তিনি অনূর্ধ্ব ০৫ (পাঁচ) বৎসরের কারাদণ্ড অথবা ০৩ (তিন) লক্ষ টাকা অর্থদণ্ড অথবা উভয়দণ্ডে দণ্ডিত হইবেন।</p>	
<p>22. Withdrawal of approval.—</p> <p>(1) Where, upon a report by an Inspector, it appears to the Council that an approved course of study or an approved examination does not continue to be in conformity with the provisions of this Ordinance and the regulations, the Council shall give notice to the institution or authority concerned calling upon it to explain in writing why the approval of its course of study or examination should not be withdrawn.</p> <p>(2) The Institution or authority to whom a notice has been given under sub-section (1) shall, within sixty days from the receipt of such notice, comply with the notice and may also make such</p>	<p>২২। অনুমোদন প্রত্যাহার।—</p> <p>(১) প্রাপ্ত কোন তথ্যের ভিত্তিতে যদি কাউন্সিলের নিকট প্রতীয়মান হয় যে, অনুমোদনপ্রাপ্ত কোনো প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ কোর্স পরিচালনা-সংক্রান্ত কোনো শর্ত ভঙ্গ করিয়াছে তাহা হইলে কাউন্সিল পরিদর্শকের মাধ্যমে তাহা তদন্তের ব্যবস্থা করিবে।</p> <p>(২) পরিদর্শকের প্রতিবেদন প্রাপ্তির পর কাউন্সিল যদি মনে করে যে, অনুমোদনপ্রাপ্ত কোনো প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ কোর্স পরিচালনার কোনো শর্ত বা শর্তমালা ভঙ্গ করিয়াছে তাহা হইলে, উক্ত প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ শিক্ষা-কোর্স পরিচালনার অনুমোদন কেন প্রত্যাহার করা হইবে না, সেই মর্মে পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষকে শর্তসমূহ পূরণসহ ব্যাখ্যা</p>	<p>২৮। অনুমোদন প্রত্যাহার।—</p> <p>(১) প্রাপ্ত কোন তথ্যের ভিত্তিতে যদি কাউন্সিলের নিকট প্রতীয়মান হয় যে অনুমোদন প্রাপ্ত কোন প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ কোর্স পরিচালনা সংক্রান্ত কোন শর্ত ভঙ্গ করিয়াছে তাহা হইলে কাউন্সিল পরিদর্শকের মাধ্যমে তাহা তদন্তের ব্যবস্থা করিবে।</p> <p>(২) পরিদর্শকের প্রতিবেদন প্রাপ্তির পর কাউন্সিল যদি মনে করে যে অনুমোদন প্রাপ্ত কোন প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ কোর্স পরিচালনার কোন শর্ত বা শর্তমালা ভঙ্গ করিয়াছে তাহা হইলে, উক্ত প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষের শিক্ষা কোর্স পরিচালনার অনুমোদন কেন প্রত্যাহার করা হইবে না, সেই মর্মে পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষকে শর্তসমূহ পূরণসহ ব্যাখ্যা প্রদানের জন্য নোটিশ প্রদান করিবে।</p> <p>(৩) উপ-ধারা (২) এর অধীন প্রদত্ত নোটিশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ উক্ত নোটিশের নির্দেশনা পালন করিবে এবং নির্ধারিত সময়ের মধ্যে ব্যাখ্যাসহ কাউন্সিলকে লিখিতভাবে অবহিত করিবে।</p> <p>(৪) উপ-ধারা (৩) এর অধীন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রয়োজনীয় ব্যাখ্যা প্রদান না করিলে অথবা প্রদত্ত যে কোন ব্যাখ্যা সন্তোষজনক না হইলে উক্ত প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ কর্তৃক ফার্মেসি শিক্ষা কোর্স পরিচালনার অনুমোদন সাময়িক অথবা স্থায়ীভাবে প্রত্যাহার করিবে।</p>	

The Pharmacy Ordinance, 1976	বাংলায় ফার্মাসি অধ্যাদেশ, ১৯৭৬	খসড়া “ফার্মেসী আইন, ২০২৩”	মন্তব্য
<p>representation to the Council as it may wish to make.</p> <p>(3) The Council, after considering the explanation given and any representation made under sub-section (2), may, by notification in the official Gazette, declare that its approval of the course of study or examination conducted or held by the institution or authority concerned shall stand withdrawn with effect from such date as may be specified in the notification; and every such declaration shall state that the course of study or examination conducted or held by such institution or authority shall be deemed to be approved only when completed or passed, as the case may be, before the date so specified.</p>	<p>প্রদানের জন্য নোটিশ প্রদান করিবে।</p> <p>(৩) উপধারা(২)-এর অধীন প্রদত্ত নোটিশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ উক্ত নোটিশের নির্দেশনা পালন করিবে এবং নির্ধারিত সময়ের মধ্যে ব্যাখ্যাসহ কাউন্সিলকে লিখিতভাবে অবহিত করিবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রয়োজনীয় ব্যাখ্যা প্রদান না করিলে অথবা প্রদত্ত যে-কোনো ব্যাখ্যা বিবেচনার পর কাউন্সিল প্রয়োজন মনে করিলে উক্ত প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ কর্তৃক ফার্মেসি শিক্ষা-কোর্স পরিচালনার অনুমোদন সরকারি গেজেটে প্রকাশের মাধ্যমে সাময়িক অথবা স্থায়ীভাবে প্রত্যাহার করিবে।</p>		
<p>The Pharmacy Ordinance, 1976-এ এইরূপ কোন ধারা উল্লেখ নাই।</p>	<p>ফার্মাসি অধ্যাদেশ, ১৯৭৬-এ এইরূপ কোন ধারা উল্লেখ নাই।</p>	<p>২৯। রেজিস্টারসমূহের সরকারি দলিল।— কাউন্সিল কর্তৃক প্রণীত ও সংরক্ষিত রেজিস্টারসমূহ Evidence Act, 1872 (Act 1 of 1872) এর অধীন সরকারি দলিল বলিয়া গণ্য হইবে।</p>	<p>প্রস্তাবিত আইনের ধারা-২৯ নতুনভাবে সংযোজন করা হইয়াছে।</p>
<p>23. Preparation and maintenance of Registers.—</p> <p>(1) The Council shall prepare and maintain or cause to be prepared and maintained the following Registers of pharmacists and apprentices, namely:—</p> <p>(a) Register A—in which shall be registered the persons specified in clause (a) of sub-section (1) of section 24 and paragraphs (i), (ii), (iii) and (iv) of the proviso to that sub-section;</p> <p>(b) Register B—in which shall be registered the persons specified in clauses (b) and (c) of sub-section (1) of section 1[24] and paragraphs (v),</p>	<p>২৩। রেজিস্টার তৈরী ও রক্ষণাবেক্ষণ।—</p> <p>(১) নিম্নোক্ত বিষয়ে ফার্মাসিস্ট ও শিক্ষানবিশদের রেজিস্টার প্রস্তুত ও রক্ষণাবেক্ষণ করিবে অথবা প্রস্তুত ও রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করিবে, যথা:</p> <p>(ক) রেজিস্টার-এ (A): এই রেজিস্টারে ২৪ নং ধারার (১) নং উপধারার (ক) অনুচ্ছেদে উল্লিখিত ব্যক্তিদের নিবন্ধন করিবে;</p> <p>(খ) রেজিস্টার-বি (B): এই রেজিস্টারে ২৪ নং ধারার (১) নং উপধারার (খ) অনুচ্ছেদে উল্লিখিত ব্যক্তিদের নিবন্ধন করিবে;</p> <p>(গ) রেজিস্টার-সি (C): এই রেজিস্টারে ফার্মেসির শিক্ষানবিশদের নিবন্ধন করিবে:</p> <p>তবে শর্ত থাকে যে, সরকারের পূর্ব</p>	<p>৩০। রেজিস্টার তৈরী ও রক্ষণাবেক্ষণ।—</p> <p>(১) নিম্নোক্ত বিষয়ে কাউন্সিল ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট, ফার্মেসি টেকনিশিয়ান ও শিক্ষানবিশদের রেজিস্টার তৈরী ও রক্ষণাবেক্ষণ করিবে অথবা তৈরী ও রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করিবে, যথাঃ-</p> <p>(ক) রেজিস্টার-“এ”: এই রেজিস্টারে ধারা ৩২ উপ-ধারা (১) অনুচ্ছেদ (ক) তে উল্লিখিত ব্যক্তিদের নিবন্ধন করিবে;</p> <p>(খ) রেজিস্টার-“বি”: এই রেজিস্টারে ধারা ৩২ উপ-ধারা (১) অনুচ্ছেদ (খ) তে উল্লিখিত ব্যক্তিদের নিবন্ধন করিবে;</p> <p>(গ) রেজিস্টার-“সি”: এই রেজিস্টারে ধারা ৩২ উপ-ধারা (১) অনুচ্ছেদ (গ) তে উল্লিখিত ব্যক্তিদের নিবন্ধন করিবে;</p> <p>(ঘ) রেজিস্টার-“ডি”: এই রেজিস্টারে ফার্মেসির শিক্ষানবিশদের নিবন্ধন করিবে;</p> <p>কাউন্সিল থেকে প্রাপ্ত যে কোন সনদপত্র ফার্মেসি পেশার কাজে যোগ্য হইবে বা যোগ্য বলিয়া বিবেচিত হইবে।</p> <p>(২) উপ-ধারা (১) এর অধীন তৈরী ও রক্ষণাবেক্ষণকৃত প্রত্যেকটি রেজিস্টারে রেজিস্ট্রেশন প্রাপ্ত</p>	

The Pharmacy Ordinance, 1976	বাংলায় ফার্মাসি অধ্যাদেশ, ১৯৭৬	খসড়া “ফার্মেসী আইন, ২০২৩”	মন্তব্য
<p>(vi), (vii) and (viii) of the proviso to that sub-section;and (c) Register C—in which shall be registered the apprentices in pharmacy:</p> <p>Provided that the Council may, with the previous approval of the Government, discontinue the registration of apprentices in pharmacy and may, with like approval, re-open such registration after it has been discontinued and shall, upon discontinuance or re-opening, publish in the official Gazette a notice thereof specifying the date of such discontinuance or re-opening.</p> <p>¹ The figure “24” was substituted for the figure “23” by section 3 of the Pharmacy (Amendment) Ordinance, 1978 (Ordinance No. XLII of 1978).</p> <p>(2) Every Register prepared and maintained under sub- section (1) shall contain the following particulars relating to a person so registered,namely:— (a) fullname; (b) residentialaddress; (c) professionaladdress; (d) father'sname; (e) date and place ofbirth; (f) nationality; (g) qualifications; (h) date on which registered;and (i) such other particulars as may be prescribed by regulations.</p>	<p>অনুমোদন-সাপেক্ষে, ফার্মেসির শিক্ষানবিশদের নিবন্ধন বাতিল করিবে এবং এইরূপ অনুমোদন দ্বারা, বাতিলের পর এইরূপ নিবন্ধন পুনরায় খুলিবে এবং বাতিল বা আবার খোলার পর এইরূপ পদক্ষেপের তারিখ উল্লেখ করিয়া দাপ্তরিক গেজেটে বিজ্ঞপ্তি প্রকাশ করিবে।</p> <p>(২) উপধারা (১)-এর অধীন প্রস্তুত ও রক্ষণাবেক্ষণকৃত প্রত্যেকটি রেজিস্টারে নিবন্ধিত ব্যক্তির নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকিবে, যথা: ক) পূর্ণ নাম; খ) আবাসিক ঠিকানা; গ) কর্মক্ষেত্রের ঠিকানা; ঘ) পিতার নাম; ঙ) জন্ম তারিখ ও স্থান; চ) জাতীয়তা; ছ) যোগ্যতাসমূহ; জ) যে তারিখে নিবন্ধিত; এবং ঝ) বিধিমালা অনুযায়ী অন্য আরও যাহা কিছু প্রয়োজন।</p>	<p>ব্যক্তির নিম্নে বর্ণিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকিবে, যথাঃ-</p> <p>(ক) পূর্ণ নাম; (খ) মাতা ও পিতার নাম; (গ) আবাসিক ঠিকানা; (ঘ) কর্মক্ষেত্রের ঠিকানা; (ঙ) স্থায়ী ঠিকানা; (চ) জন্ম তারিখ ও স্থান; (ছ) জাতীয়তা; (জ) যোগ্যতা; (ঝ) যে তারিখে নিবন্ধিত এবং নিবন্ধন নম্বর; (ঞ) জাতীয় পরিচয়পত্র; (ট) কাউন্সিল কর্তৃক নির্ধারিত অন্য আরও যাহা কিছু প্রয়োজন হইতে পারে।</p>	
<p>24. Qualifications for registration as a pharmacist or as an apprentice in pharmacy.— (1) The following persons shall,</p>	<p>২৪। ফার্মাসিস্ট বা শিক্ষানবিশ ফার্মাসিস্ট হিসাবে নিবন্ধনের যোগ্যতা।— (১) উপধারা (৩)-এর শর্ত-সাপেক্ষে নিম্নোক্ত ব্যক্তিগণ এই অধ্যাদেশের অধীন ফার্মাসিস্ট</p>	<p>৩১। ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট, ফার্মেসি টেকনিশিয়ান ও শিক্ষানবিশ হিসাবে নিবন্ধনের যোগ্যতা।— (১) উপ-ধারা ৩ অনুযায়ী অযোগ্য না হইলে নিম্নোক্ত ব্যক্তিগণ এই আইনের অধীন ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট, ফার্মেসি টেকনিশিয়ান ও শিক্ষানবিশ হিসাবে নিবন্ধনের জন্য যোগ্য</p>	

The Pharmacy Ordinance, 1976	বাংলায় ফার্মাসি অধ্যাদেশ, ১৯৭৬	খসড়া “ফার্মেসী আইন, ২০২৩”	মন্তব্য
<p>subject to the provisions of sub-section (3), be qualified for registration as pharmacists under this Ordinance, namely:—</p> <p>(a) persons who hold a degree in pharmacy conferred by a University or an institution affiliated thereto, where the degree is recognised by the Council;</p> <p>(b) persons who hold a diploma in Pharmacy recognised by the Council;</p> <p>(c) persons who pass the examination in Pharmacy held or approved by the Council:</p> <p>Provided that during the period of two years from the coming into force of this Ordinance, the following persons shall also be deemed to be qualified for registration, namely:—</p> <p>(i) graduates in Pharmacy from a University or an institution affiliated thereto;</p> <p>(ii) graduates in science from a University or an institution affiliated thereto, with Chemistry ¹[or Bio-Chemistry] or Pharmaceutical Chemistry or Pharmacology or Micro Biology as the principal subject, who are engaged for at least two years in the manufacture or test and analysis of drugs and medicines in any drug manufacturing concern licensed under the Drugs Act, 1940 (XXIII of 1940), or in any Government</p>	<p>হিসাবে নিবন্ধনের জন্য যোগ্য, যেমন:</p> <p>ক) যে ব্যক্তি কোনো বিশ্ববিদ্যালয় বা কোনো সহযোগী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ফার্মেসি বিষয়ে ডিগ্রিধারী, তবে এইরূপ ডিগ্রি এই কাউন্সিল কর্তৃক স্বীকৃত হইতে হইবে;</p> <p>খ) যে ব্যক্তি এই কাউন্সিল কর্তৃক স্বীকৃত ফার্মেসি বিষয়ে ডিপ্লোমাধারী;</p> <p>গ) এই কাউন্সিল কর্তৃক গৃহীত বা অনুমোদিত ফার্মেসি বিষয়ে পরীক্ষায় কৃতকার্য ব্যক্তি।</p> <p>(২) উপধারা (৩)-এর শর্ত-সাপেক্ষে কোনো ব্যক্তি ফার্মেসির শিক্ষানবিশ হিসাবে নিবন্ধিত হওয়ার যোগ্য হইবেন যদি তিনি এই অধ্যাদেশের অধীন নিবন্ধিত এবং কাউন্সিল কর্তৃক দাপ্তরিক গেজেটে বিজ্ঞপ্তি মারফত অনুমোদিত ফার্মাসিস্ট কর্তৃক ছাত্র-ছাত্রী হিসাবে গৃহীত হন অথবা তাহার নিকট হইতে এই ব্যাপারে একটি সনদ প্রাপ্ত হন।</p> <p>(৩) ফার্মাসিস্ট ও শিক্ষানবিশ ফার্মাসিস্ট হিসাবে নিবন্ধনের জন্য কোনো ব্যক্তিই যোগ্য হইবেন না যদি-</p> <p>ক) তিনি মানসিকভাবে অসুস্থ হন অথবা যদি কোনো আদালত কর্তৃক এইরূপ ঘোষিত হন; অথবা</p> <p>খ) যদি তিনি কোনো আদালত কর্তৃক এমন অপরাধে অভিযুক্ত হন যাহা এই কাউন্সিলের মতে নৈতিক স্বলন হিসাবে বিবেচিত হয়।</p>	<p>হইবেন, যথাঃ-</p> <p>(ক) যে ব্যক্তি কাউন্সিল কর্তৃক অনুমোদিত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান হইতে ফার্মেসিতে স্নাতক ডিগ্রি প্রাপ্ত এবং কাউন্সিল কর্তৃক গৃহীত নিবন্ধন পরীক্ষায় কৃতকার্য হইবেন;</p> <p>(খ) যে ব্যক্তি কাউন্সিল কর্তৃক অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে ফার্মেসিতে ডিপ্লোমা প্রাপ্ত হইয়াছেন, এবং কাউন্সিল কর্তৃক গৃহীত নিবন্ধন পরীক্ষায় কৃতকার্য হইবেন;</p> <p>(গ) বাংলাদেশ ফার্মেসি কাউন্সিল কর্তৃক গৃহীত বা অনুমোদিত ফার্মেসি সার্টিফিকেট নিবন্ধন পরীক্ষায় যে ব্যক্তি কৃতকার্য হইবেন;</p> <p>(২) উপ-ধারা (৩) এর বিধান সাপেক্ষে কোন ব্যক্তি ফার্মেসির শিক্ষানবিশ হিসাবে নিবন্ধিত হওয়ার যোগ্য হইবেন যদি তিনি এই আইনের অধীন নিবন্ধিত এবং কাউন্সিল কর্তৃক নিবন্ধিত ফার্মাসিস্টদের অধীনে প্রশিক্ষণার্থী হিসাবে শিক্ষানবিশ হন অথবা তাহার নিকট হইতে এই বিষয়ে একটি সনদপত্র প্রাপ্ত হইয়াছেন।</p> <p>(৩) ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট, ফার্মেসি টেকনিশিয়ান ও শিক্ষানবিশ ফার্মাসিস্ট হিসাবে নিবন্ধনের জন্য কোন ব্যক্তিই যোগ্য হইবেন না যদি-</p> <p>(ক) তিনি মানসিকভাবে অসুস্থ হন অথবা যদি কোন আদালত কর্তৃক এইরূপ ঘোষিত হন; অথবা</p> <p>(খ) যদি তিনি কোন আদালত কর্তৃক এমন অপরাধে অভিযুক্ত হন যাহা এই কাউন্সিলের মতে নৈতিক স্বলন হিসাবে বিবেচিত হয়; অথবা</p> <p>(গ) যদি তিনি এমন কোন কার্যক্রমের সহিত জড়িত হইয়া থাকেন যাহার দ্বারা ফার্মেসি পেশার ক্ষতি সাধিত হইয়াছে মর্মে কাউন্সিলের নিকট প্রতীয়মান হয়; অথবা</p> <p>(ঘ) যদি তিনি ডোপটেস্টে মাদকাসক্ত বিবেচিত হন।</p>	

The Pharmacy Ordinance, 1976	বাংলায় ফার্মাসি অধ্যাদেশ, ১৯৭৬	খসড়া “ফার্মেসী আইন, ২০২৩”	মন্তব্য
<p>institution or laboratory;</p> <p>(iii) Inspectors of Drugs appointed under the Drugs Act, 1940 (XXIII of 1940), and Government Analysts soappointed;</p> <p>(iv) teachers in any subject related to pharmacy in any institution conducting courses of study inPharmacy;</p> <p>(v) persons who hold diploma in Pharmacy recognised for registration under the Pharmacy Act,1967;</p> <p>(vi) persons who had been approved by the licensing authority on or before the 30th November, 1974, as “qualified persons” within the meaning of rule 24 of the Drugs Rules,1946;</p> <p>(vii) persons engaged in compounding or dispensing medicine in a Government Hospital; and</p> <p>(viii) persons certified as qualified compounders and dispensers of medicine by a GovernmentHospital.</p> <p>(2) A person shall, subject to the provisions of sub-section (3), be qualified to be registered as an apprentice in pharmacy if he has been taken as a student or apprentice in pharmacy by, and produces a certificate to that effect from, a pharmacist registered under this Ordinance and approved for the purpose, by notification in the <i>official Gazette</i>, by theCouncil.</p> <p>(3) No person shall be qualified for registration as a pharmacist or as an apprentice inpharmacy-</p>			

The Pharmacy Ordinance, 1976	বাংলায় ফার্মাসি অধ্যাদেশ, ১৯৭৬	খসড়া “ফার্মেসী আইন, ২০২৩”	মন্তব্য
(a) if he is of unsound mind and stands so declared by a court ;or (b) if he has been convicted by a court of any offence which in the opinion of the Council involves moral turpitude.			
The Pharmacy Ordinance, 1976-এ এইরূপ কোন ধারা উল্লেখ নাই।	ফার্মাসি অধ্যাদেশ, ১৯৭৬-এ এইরূপ কোন ধারা উল্লেখ নাই।	৩২। পরীক্ষা, ইত্যাদি।— (১) কাউন্সিল এই আইনের অধীন ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট, ফার্মেসি টেকনিশিয়ানদের নিবন্ধন প্রদানের পূর্বে, প্রয়োজনে, পেশাগত শিক্ষা ও দক্ষতার উপর নির্ধারিত পদ্ধতিতে একটি যাচাই পরীক্ষা গ্রহণ করিতে পারিবে। (২) উপ-ধারা (১) এ উল্লিখিত পরীক্ষা পদ্ধতি ও উত্তরপত্র মূল্যায়ন কাউন্সিল কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে পরিচালিত হইবে।	প্রস্তাবিত আইনের ধারা-৩২ নতুনভাবে সংযোজন করা হইয়াছে।
25. Procedure for registration.— (1) As soon as may be after the opening of the Registers under section 23, the Council shall, by notification in the official Gazette, invite applications from persons desirous of being registered as pharmacists or as apprentices in pharmacy. (2) An application for registration shall contain such particulars and be made in such form as may be specified by the Council and shall be accompanied by such fees as may be prescribed by regulations. (3) The Council shall examine every application received by it and, if it is satisfied that the applicant is qualified for registration under section 24, direct the entry of the name of the applicant in the appropriate Register. (4) The Council shall, if it rejects the application of any person, inform the applicant in writing of such rejection within ninety days from the date of receipt of the application, and the applicant may,	২৫। নিবন্ধন প্রক্রিয়া।— (১) ২৩ নং ধারার অধীন রেজিস্টার খোলার পর কাউন্সিল যত দূর সম্ভব, দাপ্তরিক গেজেটে বিজ্ঞপ্তি দিয়া, ফার্মাসিস্ট বা শিক্ষানবিশ ফার্মাসিস্ট হিসাবে নিবন্ধনের জন্য ইচ্ছুক ব্যক্তিদের নিকট হইতে আবেদনপত্র আহ্বান করিবে। (২) কাউন্সিলযেভাবে নির্ধারণ করিবে সেইভাবে নিবন্ধনের জন্য আবেদনপত্রে বিবরণ থাকিবে এবং তাহার সহিত বিধিমালা দ্বারা নির্ধারিত ফি থাকিবে। (৩) কাউন্সিল প্রাপ্ত প্রত্যেকটি আবেদনপত্র মূল্যায়ন করিবে/পূর্বক যদি সন্তুষ্ট হয় যে প্রার্থী ২৪ নং ধারা-অনুসারে নিবন্ধনের জন্য যোগ্য, তাহা হইলে যথাযথ রেজিস্টারে উক্ত প্রার্থীর নাম অন্তর্ভুক্ত করিবার আদেশ প্রদান করিবে। (৪) কাউন্সিল যদি কোনো ব্যক্তির আবেদনপত্র প্রত্যাখ্যান করে, তাহা হইলে উক্ত আবেদনপত্র পাওয়ার তারিখ হইতে ৯০ (নব্বই) দিনের মধ্যে এইরূপ প্রত্যাখ্যানের বিষয়টি লিখিতভাবে উক্ত ব্যক্তিকে অবহিত করিবে এবং এইরূপ অবগতির ৬০ (ষাট) দিনের মধ্যে উক্ত আবেদনকারী সরকারের নিকট এইরূপ প্রত্যাখ্যানের বিরুদ্ধে আপিল করিতে পারিবে, এইক্ষেত্রে সরকারের	৩৩। ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট, ফার্মেসি টেকনিশিয়ানদের নিবন্ধন প্রক্রিয়া।— (১) কাউন্সিল এই আইন কার্যকর হওয়ার পর যথাশীঘ্রই সম্ভব, ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট, ফার্মেসি টেকনিশিয়ানদের নিবন্ধনের জন্য যোগ্য ব্যক্তিদের নিকট হইতে আবেদনপত্র গ্রহণ করিতে পারিবে। (২) কাউন্সিল যেভাবে নির্ধারণ করিবে সেইভাবে নিবন্ধনের জন্য আবেদনপত্রে বিবরণ থাকিবে এবং তাহার সাথে নির্ধারিত ফি থাকিবে। (৩) কাউন্সিল নিবন্ধনের জন্য প্রাপ্ত প্রত্যেকটি আবেদনপত্র পরীক্ষা করিবে এবং যদি সন্তুষ্ট হয় যে প্রার্থী ধারা ৩২ অনুযায়ী নিবন্ধনের জন্য যোগ্য, তাহা হইলে যথাযথ রেজিস্টারে উক্ত প্রার্থীর নাম অন্তর্ভুক্ত করিবার জন্য আদেশ দিবেন। (৪) কাউন্সিল যদি কোন ব্যক্তির আবেদনপত্র প্রত্যাখ্যান করে, তাহা হইলে উক্ত আবেদনপত্র পাওয়ার তারিখ হইতে ৯০ (নব্বই) দিনের মধ্যে এইরূপ প্রত্যাখ্যানের বিষয়টি লিখিতভাবে উক্ত ব্যক্তিকে অবহিত করিবে এবং এইরূপ অবগতির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উক্ত আবেদনকারী কাউন্সিলের নিকট এইরূপ প্রত্যাখ্যানের বিরুদ্ধে আপিল করিতে পারিবে, এইক্ষেত্রে কাউন্সিলের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।	

The Pharmacy Ordinance, 1976	বাংলায় ফার্মাসি অধ্যাদেশ, ১৯৭৬	খসড়া “ফার্মেসী আইন, ২০২৩”	মন্তব্য
<p>within sixty days of the receipt of the information, appeal against such rejection to the Government whose decision thereon shall be final.</p> <p><i>(5) [Omitted by section 5 of the Pharmacy (Amendment) Ordinance, 1978 (Ordinance No. XLII of 1978).]</i></p>	<p>সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।</p>		
<p>26. Certificate of registration.—</p> <p>(1) The Council shall issue a certificate of registration to a person who has been registered under section 25.</p> <p>(2) A certificate of registration issued under sub-section (1) shall bear a number and the official seal of the Council and be signed by the President and the Secretary and shall contain the following, namely:—</p> <p>(a) a passport size photograph of the person registered;</p> <p>(b) the full signature of the person registered; and</p> <p>(c) such other particulars as may be prescribed by regulations.</p> <p>(3) A copy of the certificate with all the particulars specified in sub-section (2) shall be kept in the official records of the Council.</p> <p>(4) A person to whom a certificate of registration has been issued may, if the original is lost, defaced or mutilated or for any other reason, obtain a duplicate thereof on payment of the same fee as was paid for the original.</p> <p>¹(5) A certificate of registration issued under this section shall remain valid for a period of five years from the date of its issue and shall, upon an application made in this behalf, be</p>	<p>২৬। নিবন্ধন সনদ।—</p> <p>(১) কাউন্সিল ঐ সকল ব্যক্তির জন্য নিবন্ধন সনদ ইস্যু করিবে যারা ২৫ নং ধারার অধীন নিবন্ধিত হইয়াছেন।</p> <p>(২) উপধারা (১)-এর অধীন ইস্যুকৃত নিবন্ধন সনদে নিবন্ধন নম্বর ও কাউন্সিলের দাপ্তরিক সীলমোহর থাকিবে এবং সভাপতি ও সচিব কর্তৃক স্বাক্ষরিত হইবে এবং নিম্নলিখিত বিষয়াদি অন্তর্ভুক্ত থাকিবে, যথাঃ-</p> <p>ক) নিবন্ধিত ব্যক্তির পাসপোর্ট সাইজের ছবি;</p> <p>খ) নিবন্ধিত ব্যক্তির পূর্ণ স্বাক্ষর;</p> <p>গ) বিধিমালা দ্বারা প্রয়োজনীয় অন্যান্য বিবরণ।</p> <p>(৩) উপধারা (২) এ উল্লিখিত সকল বিবরণ-সংবলিত সনদের একটি প্রতিলিপি কাউন্সিলের দাপ্তরিক নথিতে সংরক্ষণ করা হইবে।</p> <p>(৪) ইস্যুকৃত সনদ যদি কোনো কারণে হারাইয়া যায়, বিকৃত বা লেখা মুছে যায়, তাহা হইলে যে ব্যক্তিকে নিবন্ধন সনদ দেওয়া হইয়াছে তাহার মূল সনদের জন্য প্রদেয় একই ফি পরিশোধ করিয়া তিনি একটি ডুপ্লিকেট কপি সংগ্রহ করিতে পারিবেন।</p> <p>(৫) এই অনুচ্ছেদের অধীন ইস্যুকৃত নিবন্ধন সনদ ইস্যুর তারিখ হইতে ৫ (পাঁচ) বৎসর সময়ের জন্য কার্যকর থাকিবে এবং এই ব্যাপারে দরখাস্ত প্রাপ্তির পর মূল সনদের জন্য প্রদত্ত একই ফি পরিশোধ করা হইলে তাহা নবায়ন করা হইবে।</p>	<p>৩৪। নিবন্ধন সনদ।—</p> <p>(১) কাউন্সিল ঐ সকল ব্যক্তিদের জন্য নিবন্ধন সনদপত্র ইস্যু করিবে যাহারা ধারা ৩৩ এর অধীন নিবন্ধিত হইয়াছেন।</p> <p>(২) উপ-ধারা (১) এর অধীন ইস্যুকৃত নিবন্ধন সনদপত্রে কাউন্সিলের নম্বর ও দাপ্তরিক সীলমোহর থাকিবে এবং চেয়ারম্যান ও প্রধান নিয়ন্ত্রক কর্তৃক স্বাক্ষরিত হইবে এবং নিম্নলিখিত বিষয়াদি অন্তর্ভুক্ত থাকিবে, যথাঃ-</p> <p>(ক) নিবন্ধিত ব্যক্তির সদ্যতোলা পাসপোর্ট সাইজের রঞ্জিন ছবি;</p> <p>(খ) নিবন্ধিত ব্যক্তির পূর্ণ স্বাক্ষর;</p> <p>(গ) বিধিমালা দ্বারা নির্ধারিত প্রয়োজনীয় অন্যান্য বিবরণ।</p> <p>(৩) উপ-ধারা (২) এ উল্লিখিত সকল বিবরণ সম্বলিত সনদের একটি প্রতিলিপি কাউন্সিলের দাপ্তরিক নথিতে সংরক্ষণ করিতে হইবে।</p> <p>(৪) ইস্যুকৃত সনদপত্র যদি কোন কারণে হারাইয়া যায়, বিকৃত বা লেখা মুছিয়া যায়, তাহা হইলে যে ব্যক্তিকে নিবন্ধন সনদপত্র দেয়া হইয়াছে তাহার মূল সনদপত্রের জন্য প্রদেয় একই ফি পরিশোধ করে একটি দ্বিনকল সনদ সংগ্রহ করিতে পারিবেন।</p> <p>(৫) এই ধারার অধীন ইস্যুকৃত নিবন্ধন সনদপত্র ইস্যুর তারিখ হইতে ০৫ (পাঁচ) বছর সময়ের জন্য কার্যকর থাকিবে এবং</p> <p>(ক) পেশাগত সম্পূর্ণতার সন্তোষজনক মূল্যায়ন সাপেক্ষে কাউন্সিল উক্ত নিবন্ধন সনদপত্র নবায়ন করিতে পারিবে, তবে নবায়নের মেয়াদ, সম্পূর্ণতা এবং সংশ্লিষ্ট শর্তাবলী কাউন্সিল কর্তৃক নির্ধারিত হইবে;</p> <p>(খ) উক্ত নিবন্ধন সনদপত্র নবায়নের ক্ষেত্রে মূল সনদপত্রের জন্য প্রদেয় একই ফি পরিশোধ করিতে হইবে।</p>	

The Pharmacy Ordinance, 1976	বাংলায় ফার্মাসি অধ্যাদেশ, ১৯৭৬	খসড়া “ফার্মেসী আইন, ২০২৩”	মন্তব্য
renewed on payment of the same fee as was paid for the original.]			
The Pharmacy Ordinance, 1976-এ এইরূপ কোন ধারা উল্লেখ নাই।	ফার্মাসি অধ্যাদেশ, ১৯৭৬-এ এইরূপ কোন ধারা উল্লেখ নাই।	<p>৩৫। সনদ প্রদান, ইত্যাদি।—</p> <p>(১) কাউন্সিল ধারা ৩৩ এর অধীন নিবন্ধিত ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ানদের নির্ধারিত পদ্ধতিতে সনদ প্রদান করিবে।</p> <p>(২) এই আইন প্রবর্তনের পূর্বে The Pharmacy Ordinance, 1976 এর অধীন নিবন্ধিত ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ানদের নিবন্ধন এই ধারার অধীন প্রদত্ত সনদ বলিয়া গণ্য হইবে।</p> <p>(৩) বিধি, প্রবিধান, নীতিমালা প্রণীত না হওয়া পর্যন্ত কাউন্সিল সনদ প্রদানের বিষয়ে গেজেট প্রজ্ঞাপনের মাধ্যমে প্রয়োজনীয় আদেশ জারি করিতে পারিবে।</p>	প্রস্তাবিত আইনের ধারা-৩৫ নতুনভাবে সংযোজন করা হইয়াছে।
The Pharmacy Ordinance, 1976-এ এইরূপ কোন ধারা উল্লেখ নাই।	ফার্মাসি অধ্যাদেশ, ১৯৭৬-এ এইরূপ কোন ধারা উল্লেখ নাই।	<p>৩৬। নিবন্ধিত ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ানদের তালিকা প্রকাশ।—</p> <p>কাউন্সিল নিবন্ধিত ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ানদের নাম, ঠিকানা, ফার্মেসি শিক্ষা বিষয়ে অনুমোদিত শিক্ষাগত যোগ্যতা ও উক্তরূপ যোগ্যতা অর্জনের তারিখ উল্লেখ করিয়া কাউন্সিলের ওয়েবসাইটে হালনাগাদ তালিকা প্রকাশ করিবেন।</p>	প্রস্তাবিত আইনের ধারা-৩৬ নতুনভাবে সংযোজন করা হইয়াছে।
The Pharmacy Ordinance, 1976-এ এইরূপ কোন ধারা উল্লেখ নাই।	ফার্মাসি অধ্যাদেশ, ১৯৭৬-এ এইরূপ কোন ধারা উল্লেখ নাই।	<p>৩৭। নিবন্ধিত ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ানদের দায়িত্ব ও কর্তব্য, ইত্যাদি।—</p> <p>নিবন্ধিত ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট ও ফার্মেসি টেকনিশিয়ানগণ প্রবিধান দ্বারা নির্ধারিত দায়িত্ব ও কর্তব্য নৈতিকতার সহিত পালন করিবে।</p>	প্রস্তাবিত আইনের ধারা-৩৭ নতুনভাবে সংযোজন করা হইয়াছে।
